# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Baishakh 29, 1433 Bangla, May 12, 2026, Tuesday, No. 129, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has urged police personnels to discharge their duties for welfare of state & its people. [BBC: 03]

Road Transport and Bridges Minister has informed that government is planning to construct a second Padma Bridge in country. [BBC: 03]

LGRD and Cooperatives Minister has commented that recruitment of women into village police force will make local governments more people-friendly. [Jago FM: 21]

Information and Broadcasting Minister has said, government will constitute independent Media Commission to ensure freedom of press in country. [Jago FM: 21]

The West Bengal Chief Minister has announced that his government will transfer border land to BSF within 45 days for building barbed wire fencing along West Bengal-Bangladesh border. [BBC: 03]

Bangladesh's Home Minister has described construction of fence along West Bengal border as its internal matter adding that BGB is on high alert to prevent infiltration. [R. Today: 24]

6 more people have died from measles and measles-like symptoms in country. [BBC: 05]

State Minister for Foreign Affairs has said, government is maintaining 'zero tolerance' stance against illegal migration. [Jago FM: 20]

High Court has published its full verdict declaring it illegal to determine whether a baby is a boy or girl by testing during pregnancy. [BBC: 04]

Two Bangladeshis have been killed in an Israeli drone strike in southern Lebanon. [R. Today: 25]

Iranian Foreign Ministry has described Tehran's latest proposal to US to end war as reasonable.[BBC: 11]

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ২৯, বাংলা ১৪৩৩, মে ১২, ২০২৬, মঙ্গলবার, নং- ১২৯, ৫৬তম বছর**

# শিরোনাম

পুলিশ সদস্যদের রাষ্ট্র ও জনগণের কল্যাণে দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [বিবিসি: ০৩]

দ্বিতীয় পদ্মা সেতুর নির্মাণের বিষয়ে সরকার কাজ করছে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী। [বিবিসি: ০৩]

নারী গ্রাম পুলিশ নিয়োগ স্থানীয় সরকারকে আরও জনবান্ধব করবে --- মন্তব্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রীর। [জাগো নিউজ: ২১]

গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে সরকার একটি কার্যকর ও স্বাধীন গণমাধ্যম কমিশন গঠন করবে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী । [জাগো নিউজ: ২১]

বাংলাদেশ-ভারত সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য বিএসএফকে ৪৫ দিনের মধ্যে জমি হস্তান্তরের ঘোষণা দিয়েছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী । [বিবিসি: ০৩]

সীমান্তে কাঁটাতার দেওয়া পশ্চিমবঙ্গ সরকারের নিজস্ব বিষয় উল্লেখ করে বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, সীমান্তে অনুপ্রবেশ রোধ ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে বিজিবি সার্বক্ষণিক সতর্ক রয়েছে। [রে. টুডে: ২৪]

দেশে হামের উপসর্গ নিয়ে আরো ছয় শিশুর প্রাণহানি। [বিবিসি: ০৫]

সরকার অবৈধ অভিবাসনের বিরুদ্ধে 'জিরো টলারেন্স, নীতি অনুসরণ করছে, বলেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। [জাগো নিউজ: ২০]

গর্ভাবস্থার সন্তান ছেলে না মেয়ে, পরীক্ষা করে সেটি নির্ধারণ করাকে অবৈধ ঘোষণা করে হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় প্রকাশ। [বিবিসি: ০৪]

লেবাননের দক্ষিণাঞ্চলের একটি বাড়িতে দখলদার ইসরায়েলের ড্রোন হামলায় দুই বাংলাদেশি নিহত । [রে. টুডে: ২৫]

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় যুদ্ধ বন্ধে যুক্তরাষ্ট্রকে দেওয়া ইরানের দাবিগুলোকে ”যুক্তিসংগত„ হিসেবে উল্লেখ করেছেন। [বিবিসি: ১১]

# বিবিসি

## অপরাধীকে অপরাধী হিসেবে দেখতে পুলিশের প্রতি নির্দেশ প্রধানমন্ত্রীর

পুলিশ কর্মকর্তাদের রাজনৈতিক পরিচয় বিবেচনা না করে অপরাধীদের অপরাধী হিসেবেই দেখার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একইসঙ্গে তিনি দুর্নীতি, সন্ত্রাস ও দুঃশাসনের বিরুদ্ধে সরকারের আপোশহীন অবস্থানের কথাও পুনর্ব্যক্ত করেন। সোমবার সকালে, রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে পুলিশ সপ্তাহ-২০২৬ উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে পুলিশ কর্মকর্তাদের উদ্দেশ্যে দেওয়া ভাষণে তিনি এ কথা বলেন। বাংলাদেশের রাষ্ট্রীয় সংবাদসংস্থা এ খবর প্রকাশ করেছে। পুলিশ কর্মকর্তাদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন, "দুর্নীতি ও সন্ত্রাস দমনে কাজ করতে গিয়ে অনেক সময় আপনাদের রাজনৈতিক পরিচয় বা রাজনৈতিক প্রভাবের মুখোমুখি হতে হয়। আমি আজ পরিষ্কারভাবে বলতে চাই, কারও রাজনৈতিক পরিচয় বিবেচনা করবেন না। যে অপরাধ করবে, তাকে অপরাধী হিসেবেই বিবেচনা করবেন। আইনের প্রয়োগ সবার জন্যই সমান। আপনারা দায়িত্ব পালন করবেন রাষ্ট্র ও জনগণের কল্যাণে।„ প্রধানমন্ত্রী বলেন, "একটি শক্তিশালী, জবাবদিহিমূলক, আইনসম্মত ও জনবান্ধব রাষ্ট্রব্যবস্থা গড়ে তুলতে পুলিশের ভূমিকা অনস্বীকার্য। সরকার দুর্নীতি, সন্ত্রাস ও দুঃশাসনের সঙ্গে কোনো আপোশ করতে চায় না।„
(বিবিসি ওয়েব পেজ : **১১.০৫.২০২৬** আলী আহমেদ)

## বাংলাদেশের মানুষ কাঁটাতার ভয় পায় না, শুভেন্দুর পাল্টায় বললেন হুমায়ুন

বাংলাদেশের প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির বলেছেন, "কাঁটাতার দিয়ে বাংলাদেশের মতো দেশকে এখন ডর দেখানোর মতো কোনো জায়গা নাই।„ ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর দায়িত্ব নিয়ে সোমবার মন্ত্রিসভার প্রথম বৈঠকেই বাংলাদেশ-ভারত সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য বিএসএফকে জমি হস্তান্তরের ঘোষণা দিয়েছেন শুভেন্দু অধিকারী। ৪৫ দিনের মধ্যে এই জমি হস্তান্তর করা হবে। মন্ত্রিসভার বৈঠক শেষে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মি. অধিকারী বলেন, "আমাদের দেশের সুরক্ষার প্রশ্ন। পশ্চিমবঙ্গের সুরক্ষার প্রশ্ন এবং যেভাবে জনবিন্যাস বদলে গেছে, আজ প্রথম দিনেই আমরা কেন্দ্রীয় স্বরাষ্ট্র দপ্তর ও বিএসএফকে সীমান্ত সুরক্ষিত করার জন্য জমি ট্রান্সফার প্রক্রিয়ার অনুমোদন দিলাম। ভূমি ও রাজস্ব সচিব এবং মুখ্যসচিবকে দায়িত্ব দেওয়া হলো। ৪৫ দিনের মধ্যে হস্তান্তর প্রক্রিয়া সম্পূর্ণ করতে হবে।„ বাংলাদেশ-ভারত **২২১৬** কিলোমিটার সীমান্তের মধ্যে পশ্চিমবঙ্গের **৫৬৩** কিলোমিটার সীমান্তে কাঁটাতারের বেড়া নেই। এই প্রসঙ্গে সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে হুমায়ুন কবির বলেন, এ নিয়ে প্রয়োজনে 'যথাযথ জায়গায়' আলোচনা করবেন তারা। "দেখেন, যদি মানুষের সাথে সম্পর্ক করতে চান, বাংলাদেশের মানুষ কাঁটাতার ভয় পায় না। বাংলাদেশের সরকারও কাঁটা তার ভয় পায় না। যেখানে আমাদের কথা বলা দরকার, আমরা কথা বলবো,„ তিনি বলেন। তিনি আরো বলেন, "সীমান্তে ভারতেরও দেখাতে হবে মানবিক অ্যাপ্রোচ, ডিলিং উইথ সিকিউরিটি। এখানে তো আর আপনে- যদি গুলি মেরে মানুষ হত্যা করা হয় বা তারে ঝুলাইয়া ফেলে রাখবেন, যেগুলো আমরা দেখছি হাসিনার সময়, ওই নমুনায় বর্ডার আর কোনোদিন ইনশাল্লাহ আসবে না।„ "আর ওই নমুনায় যদি কেউ বর্ডার করতেও চায়, তাহলে এই বাংলাদেশ, সেই বাংলাদেশ না যে, বসে দেখবে। ওই বাংলাদেশের পরিকল্পনা আছে, কী করতে হবে। ইনশাল্লাহ আশা করি ওই পথে যাবে না,„ বলেন হুমায়ুন কবির।
(বিবিসি ওয়েব পেজ : **১১.০৫.২০২৬** আলী আহমেদ)

## দ্বিতীয় পদ্মা সেতুর বিষয়ে সরকার অগ্রসর হচ্ছে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

নির্বাচনি অঙ্গীকার অনুযায়ী দ্বিতীয় পদ্মা সেতুর বিষয়ে সরকার অগ্রসর হচ্ছে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। সোমবার এক অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। সড়ক পরিবহণ মন্ত্রী মি. আলম বলেন, "দ্বিতীয় পদ্মা সেতু করবার জন্য আমাদের অঙ্গীকার রয়েছে নির্বাচনি ইশতেহারে। সে ব্যাপারেও আমরা অগ্রসর হচ্ছি।„ এর আগে, মি. আলম উল্লেখ করেন, ২০০২ সাল থেকে ২০০৫ সাল পর্যন্ত খালেদা জিয়ার সরকারের সময়ে পদ্মাসেতু নির্মাণের ফিজিবিলিটি স্টাডি হয়েছিল। "অর্থের অপচয় হয়েছে আমি যতটুকু বুঝি, দুর্নীতি হয়েছি আমি যতটুকু দেখেছি, কিন্তু পদ্মা সেতুটা হয়েছে। অর্থের ব্যয় কমানো যেত, আরো স্বচ্ছতার সাথে করা যেত। সেটাই জনগণের দাবি ছিল, করা যায়নি,„ বলেন সড়ক পরিবহণ মন্ত্রী। একইসঙ্গে তিনি জানান, যারা পদ্মা সেতু প্রকল্পে অর্থের ব্যয় কমাতে পারেনি, দায়বদ্ধতা তাদের এবং যারা এখানে অর্থের অপচয় করেছে, তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা চলমান রয়েছে। একইসঙ্গে, দ্বিতীয় যমুনা সেতু, বরিশাল-ভোলা সেতুর ক্ষেত্রেও অগ্রসর হচ্ছে সরকার।
(বিবিসি ওয়েব পেজ : **১১.০৫.২০২৬** আলী আহমেদ)

### গর্ভের সন্তান ছেলে নাকি মেয়ে পরীক্ষা করা যাবে না, হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় প্রকাশ

গর্ভাবস্থায় সন্তান ছেলে নাকি মেয়ে, পরীক্ষা করে সেটি নির্ধারণ ও প্রকাশ করাকে অবৈধ ও অসাংবিধানিক ঘোষণা করে হাইকোর্টের দেওয়া রায়ের পূর্ণাঙ্গ অনুলিপি প্রকাশ হয়েছে। হাইকোর্টের একটি দ্বৈত বেঞ্চ ২০২৪ সালের ফেব্রুয়ারিতে এ সংক্রান্ত সংক্ষিপ্ত রায় দিয়েছিল। পূর্ণাঙ্গ রায়ে, আগামী ছয় মাসের মধ্যে সব হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারের এই সংক্রান্ত রিপোর্টের তথ্য সংরক্ষণের জন্য একটি ডেটাবেজ তৈরি করতে স্বাস্থ্য অধিদপ্তরকে নির্দেশ দেওয়া হয়েছে। ২০২০ সালের ২৬শে জানুয়ারি সুপ্রিম কোর্টের আইনজীবী ইশরাত হাসান গর্ভের শিশুর পরিচয় প্রকাশ বন্ধ চেয়ে রিট আবেদনটি করেছিলেন।(বিবিসি ওয়েব পেজ : ১১.০৫.২০২৬ আলী আহমেদ)

### ঈদের আগে তিনটি ধাপে গার্মেন্টস কর্মীদের ছুটি দেওয়া হবে : সড়ক পরিবহণমন্ত্রী

আসন্ন ঈদুল আজহায় ঈদযাত্রা নিরাপদে, নির্বিঘ্ন করার জন্য সরকার বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছে বলে জানিয়েছেন, সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। দুপুরে সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক প্রস্তুতি সভার শেষে এক সংবাদ সম্মেলনে এসব কথা জানান তিনি। এ বছর ধাপে ধাপে গার্মেন্টস কারখানায় ছুটি দেওয়া হবে উল্লেখ করে মি. আলম বলেন, "তিনটি ধাপে গার্মেন্টস কর্মীদের ছুটি দেওয়া হবে।„ গত বছরের চেয়ে এবার এক কোটি যাত্রী বেশি এবং ঈদের সময় বৃষ্টি হতে পারে এমন পূর্বাভাস রয়েছে উল্লেখ করে মি. ইসলাম জানান, এসব বিষয় বিবেচনা করে পদক্ষেপ গ্রহণ করা হবে। এছাড়া, এবার মহাসড়কে পরিস্থিতি নজরদারি ও নিয়ন্ত্রণে ৬৯টি মোবাইল কোর্ট পরিচালনা করা হবে বলেও জানান তিনি। একইসঙ্গে, অতিরিক্ত ভাড়া আদায়, অতিরিক্ত যাত্রী ও মালামাল পরিবহণ এবং অনিয়ম প্রতিরোধে রাজধানীর সায়েদাবাদ, মহাখালী, গাবতলী এবং ফুলবাড়িয়াসহ দেশের সব বাস টার্মিনালে বিশেষ ভিজিল্যান্স ও মনিটরিং টিম গঠন করা হবে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ মন্ত্রী।
(বিবিসি ওয়েব পেজ : ১১.০৫.২০২৬ আলী আহমেদ)

### ঢাকাসহ দেশের ১৩টি নদীবন্দরে এক নম্বর সতর্ক সংকেত

ঢাকা, টাঙ্গাইল, ময়মনসিংহসহ দেশের ১৩টি অঞ্চলের ওপর দিয়ে সোমবার বিকেল থেকে রাত ১টা পর্যন্ত বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা বা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। আবহাওয়াবিদ মো. তরিফুল নেওয়াজ কবির স্বাক্ষরিত আবহাওয়ার এক পূর্বাভাসে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, ঢাকা, টাঙ্গাইল, ময়মনসিংহ, ফরিদপুর, মাদারীপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলের নদীবন্দরের ওপর দিয়ে পশ্চিম বা উত্তর-পশ্চিম দিক থেকে বৃষ্টি বা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা বা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। ঘণ্টায় ৪৫ থেকে ৬০ কি.মি বেগে বৃষ্টি হতে পারে, সে কারণে এসব এলাকার নদী বন্দরগুলোকে এক নম্বর সতর্ক সংকেত দেখাতে নির্দেশ দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। এদিকে, আবহাওয়ার আরেকটি পূর্বাভাসে বলা হয়েছে, আগামী পাঁচদিন ঢাকা, সিলেট, চট্টগ্রামসহ দেশের আট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা বা ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি বা বজ্রবৃষ্টি হতে পারে। এই পূর্বাভাসে বলা হয়েছে, উত্তর শ্রীলঙ্কা উপকূলের অদূরে দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর এবং এ সংলগ্ন এলাকায় একটি লঘুচাপ সৃষ্টি হয়েছে। পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও এ সংলগ্ন এলাকায় অবস্থান করছে। এর পরের পাঁচদিন দেশের উত্তরাঞ্চলে বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর।
(বিবিসি ওয়েব পেজ : ১১.০৫.২০২৬ আলী আহমেদ)

### তিন বিভাগে বুধবার থেকে ৭২ ঘণ্টা ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস

বাংলাদেশের অভ্যন্তরে বজ্রমেঘ তৈরি হতে পারে এবং সেটি অব্যাহত থাকতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। আবহাওয়াবিদ মো. ওমর ফারুক স্বাক্ষরিত ভারী বৃষ্টিপাতের এক সতর্কবার্তায় এ তথ্য জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। বুধবার সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ৭২ ঘণ্টায় রংপুর, ময়মনসিংহ এবং সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। এই তিন বিভাগে বুধবার সন্ধ্যা থেকে ২৪ ঘণ্টায় ৪৪ থেকে ৮৮ মিলিমিটার বৃষ্টি অথবা তারও বেশি বৃষ্টি হতে পারে বলে সতর্কবার্তায় জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। একইসঙ্গে ভারী থেকে অতি ভারী বর্ষণের কারণে সিলেট বিভাগের কোথাও কোথাও অস্থায়ীভাবে জলাবদ্ধতা তৈরি হতে পারে বলেও সতর্ক করেছে অধিদপ্তর।(বিবিসি ওয়েব পেজ : ১১.০৫.২০২৬ নারগীস)

### পদোন্নতির দাবিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের শাটডাউন কর্মসূচি পালন

শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পদোন্নতির দাবিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ে সোমবারও ক্লাস-পরীক্ষা বর্জন করে কমপ্লিট শাটডাউন কর্মসূচি পালন করা হয়েছে। সোমবার সকাল থেকে সারাদিন শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের ব্যানারে এই আন্দোলন করছেন তারা। একইসঙ্গে, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ তৌফিক আলমকে ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করেছেন শিক্ষকরা। আন্দোলনরত শিক্ষকরা তাদের এবং কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতির দাবিতে প্রশাসনিক ভবনের প্রায় প্রতিটি কক্ষে তালা ঝুলিয়ে দেয়। সকাল থেকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক

শাখা খোলা ছিল। এ সময় উপাচার্য প্রশাসনিক ভবনে তার কক্ষেই উপস্থিত ছিলেন বলে জানান সাংবাদিকরা। উল্লেখ্য, গত শনিবার বরিশাল বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় পদোন্নতি সংক্রান্ত কোনো সিদ্ধান্ত না নেওয়ায়, শিক্ষকরা রোববার থেকে ক্লাস-পরীক্ষা, অফিস কার্যক্রমসহ বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রম বন্ধ করার ঘোষণা দিয়ে আন্দোলন শুরু করেছেন। এর আগেও, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের একাংশ পদোন্নতির দাবিতে এই আন্দোলন করছিল বলে জানান স্থানীয় একজন সাংবাদিক। (বিবিসি ওয়েব পেজ : **১১.০৫.২০২৬** নারগীস)

## গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গে ছয় শিশুর মৃত্যু

গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে ছয় শিশু মারা গেছে। সোমবার স্বাস্থ্য অধিদপ্তরের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। হাম ও এর উপসর্গজনিত রোগে গত **১৫** মার্চ থেকে এখন পর্যন্ত **৪১৫** শিশুর মৃত্যু হয়েছে। (বিবিসি ওয়েব পেজ : **১১.০৫.২০২৬** আলী আহমেদ)

## 'বেতন দিতে না পেরে লোক ছাঁটাই করে দিচ্ছে, এটা নিয়ে আমরাও ভয়ে আছি'

চট্টগ্রামের হাটহাজারী এলাকার বাসিন্দা মোহাম্মদ মোর্শেদ। চার বছর আগে অনেক আশা নিয়ে গিয়েছিলেন সংযুক্ত আরব আমিরাতে। চাকরি নিয়েছিলেন দুবাইয়ের একটি রেস্তোরাঁয়। সেখানে যা বেতন পেতেন, সেটা দিয়ে দেশে ভালোই চলছিল সংসার। কিন্তু যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে ইরানের যুদ্ধ বদলে দিয়েছে তার জীবনের সমীকরণ। আকস্মিকভাবে রেস্তোরাঁ বন্ধ হয়ে যাওয়ায় অনেকটা খালি হাতেই ফিরতে হয়েছে দেশে। "যুদ্ধ শুরু হওয়ার পর রেস্টুরেন্টে বেঁচাবিক্রি একেবারে কমে গেছিল। আবার বিভিন্ন জায়গায় হামলাও হচ্ছিল। সে কারণে মালিক রেস্টুরেন্ট বন্ধ করে দিয়ে কর্মচারীদের সবাইরে ছুটি দিয়ে বাড়ি পাঠায় দিছে," বলছিলেন মি. মোর্শেদ। গত এপ্রিল মাসের মাঝামাঝি সময়ে দুবাই থেকে দেশে ফিরে আসেন মি. আলম। ফেরার সময় এক মাসের বেতন হাতে পেলেও, আবার কবে দুবাই ফিরে কাজে যোগ দিতে পারবেন, সেটি এখনও নিশ্চিত নয়। "দেশে পাঠানোর সময় মালিকে বলছিল, যুদ্ধ থামলে পরিস্থিতি একটু নরমাল হলে রেস্টুরেন্ট আবার খুলবে, তখন আমাদের জানানো হবে। এখন শুনতেছি যুদ্ধ থামছে, কিন্তু কিছুই তো জানালো না,„ বলেন মি. মোর্শেদ। এদিকে, মোর্শেদের আয়ের ওপর নির্ভরশীল তার পুরো পরিবার। কিন্তু চাকরি না থাকায় এখন সংসার কীভাবে চলবে, সেটি নিয়ে বাড়ছে দুশ্চিন্তা। "হঠাৎ করে চলে আসার কারণে সেভাবে টাকা-পয়সা সঙ্গে আনতে পারি নাই। কাছে যা টাকা আছে, সেটা দিয়ে বেশিদিন চলাও যাবে না। সামনে কীভাবে যে সংসার চলবে, সেটাই ভেবে পাচ্ছি না,„ বলেন মি. মোর্শেদ। বস্তুত, গত ফেব্রুয়ারিতে ইরান যুদ্ধ শুরু হওয়ার পর নেতিবাচক প্রভাব পড়েছে মধ্যপ্রাচ্যের শ্রম বাজারে।

একদিকে মি. মোর্শেদের মতো অসংখ্য শ্রমিক যেমন চাকরি হারিয়ে দেশে ফিরে আসতে বাধ্য হচ্ছেন, তেমনি আশঙ্কাজনকভাবে কমেছে মধ্যপ্রাচ্যে শ্রমশক্তি রপ্তানির হার। জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) হিসেবে, গত এক বছরে বাংলাদেশ থেকে প্রতিমাসে গড়ে প্রায় ৯৫ হাজার মানুষ কাজ করতে বিদেশে পাড়ি জমিয়েছেন। তাদের মধ্যে প্রায় ৮০ শতাংশই গেছেন মধ্যপ্রাচ্যের দেশগুলোতে। "ইরান যুদ্ধ শুরুর পর সেই সংখ্যাটা আশঙ্কাজনকভাবে কমে এখন প্রায় অর্ধেকে নেমে এসেছে,„ বিবিসি বাংলাকে বলছিলেন ব্র্যাকের সহযোগী পরিচালক (মাইগ্রেশন অ্যান্ড ইয়ুথ প্ল্যাটফর্ম) শরিফুল হাসান। এ অবস্থায় দ্রুত জনশক্তি রপ্তানির বিকল্প বাজার তৈরি করতে না পারলে দীর্ঘমেয়াদে প্রবাসী আয়ের ওপর যেমন নেতিবাচক প্রভাব পড়বে, সেইসঙ্গে অবৈধপথে বিদেশ যাত্রা বেড়ে যেতে পারে বলে আশঙ্কা করছেন বিশেষজ্ঞরা।

### 'আমরাও ভয়ে আছি'

যুক্তরাষ্ট্র ও ইসরায়েল যৌথভাবে গত ২৮ ফেব্রুয়ারি ইরানে হামলা চালালে জবাবে পাল্টা হামলা শুরু করে তেহরান। ইসরায়েলের সরকারি-বেসরকারি বিভিন্ন স্থাপনার পাশাপাশি মধ্যপ্রাচ্যে অবস্থিত যুক্তরাষ্ট্রের বিভিন্ন সামরিক ঘাঁটি ও মার্কিন দফতর লক্ষ্য চলতে থাকে একের পর এক ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা। এতে বেশি ক্ষতিগ্রস্ত হয় ওই অঞ্চলে মার্কিন মিত্র হিসেবে পরিচিত সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কাতার, ওমান, বাহরাইন এবং কুয়েত। অবকাঠামোগত ক্ষতির পাশাপাশি কোথাও কোথাও প্রাণহানির ঘটনাও ঘটে। এতে নিরাপত্তা শঙ্কায় বন্ধ হয়ে যায় অফিস-আদালত, ব্যবসা-প্রতিষ্ঠান। টানা ৪০ দিন সংঘাত চলার পর এপ্রিলের শুরুতে যুদ্ধবিরতিতে সম্মত হয় যুক্তরাষ্ট্র ও ইরান। এরপর স্থায়ীভাবে যুদ্ধের ইতি টানার উদ্দেশ্যে গত একমাসে দফায় দফায় শান্তি আলোচনা করলেও দু'পক্ষ এখনও চুক্তিতে পৌঁছাতে পারেনি। তবে যুদ্ধবিরতি কার্যকর থাকায় থেমেছে পাল্টা-পাল্টি হামলা। ফলে পরিস্থিতি ধীরে ধীরে স্বাভাবিক হতে শুরু করেছে মধ্যপ্রাচ্যের দেশগুলোতে। "যুদ্ধের কারণে যে-সব এলাকায় দোকান-পাট, অফিস-আদালত বন্ধ হয়ে গেছিলো, সেগুলো এখন আস্তে আস্তে চালু হচ্ছে,„ বিবিসি বাংলাকে বলছিলেন সংযুক্ত আরব আমিরাতে বসবাসরত বাংলাদেশি ব্যবসায়ী ফরহাদ মোহাম্মদ।

দুবাই শহরে মি. মোহাম্মদের শো-পিস বা ঘর সাজানোর সামগ্রীর একটি দোকান রয়েছে। সেটি আপাতত খোলা রাখা গেলেও আগের মতো বেচাবিক্রি নাই বলে জানান তিনি। "আমাদের এখানে মূলত কাস্টমার ছিল ফরেন ভিজিটররা (বিদেশি দর্শনার্থীরা)। কিন্তু যুদ্ধের কারণে ভিজিটরের সংখ্যা অনেক কমে গেছে। ফলে বেচাবিক্রির সেভাবে হচ্ছে না,„

বলেন মি. মোহাম্মদ। সৌদি আরব, কাতারসহ অন্য দেশগুলোতেও একই অবস্থা বলে জানিয়েছেন সেখানে কর্মরত প্রবাসী বাংলাদেশিরা। "এখানেই ব্যবসা-বাণিজ্যের অবস্থা ভালো না। মালিকদের অনেকে ঠিকঠাক বেতন দিতে না পেরে লোক ছাঁটাই করে দিচ্ছে বলে শুনতেছি। এটা নিয়ে আমরাও ভয়ে আছি,„ বলছিলেন সৌদি আরবে কর্মরত বাংলাদেশি শ্রমিক হায়দার আলী। মধ্যপ্রাচ্যের দেশগুলোতে প্রবাসী বাংলাদেশিদের এক বড়ো অংশই কাজ করেন নির্মাণ শ্রমিক হিসেবে। কিন্তু যুদ্ধ শুরুর পর হরমুজ প্রণালি বন্ধ হয়ে যাওয়াসহ নানান কারণে নির্মাণ শিল্পের মালামাল সরবরাহে ব্যাঘাত ঘটছে। "এর ফলে আমরা রেগুলার কাজ পাচ্ছি না। আরও কিছুদিন এভাবে চলতে থাকলে আমাদের না খেয়ে থাকা লাগবে,„ বলেন কাতার প্রবাসী বাংলাদেশি শ্রমিক নাজমুল হোসেন। এর মধ্যে আবার খাবার-দাবারসহ প্রয়োজনীয় বিভিন্ন জিনিসপত্রের দাম বেড়ে গেছে। "এতে আমাদের জীবন আরও কঠিন হয়ে গেছে,„ বলেন মি. হোসেন।

**সংকট বহুমাত্রিক**

বাংলাদেশের এক কোটি জনশক্তি বিশ্বের বিভিন্ন দেশে কাজ করছেন, তাদের মধ্যে বেশিরভাগই রয়েছেন মধ্যপ্রাচ্যে। এর মধ্যে সৌদি আরবে প্রায় ২০ লাখ, সংযুক্ত আরব আমিরাতে ১০ লাখ, ওমানে সাত লাখ, কাতারে সাড়ে চার লাখ, বাহরাইনে দেড় লাখ এবং কুয়েতে প্রায় দেড় লাখ প্রবাসী কর্মী আছেন বলে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) তথ্যে দেখা যাচ্ছে। ২০২৫ সালে বাংলাদেশ থেকে যে ১১ লাখ ৩২ হাজার কর্মী বিদেশে কাজে গেছেন, তাদের মধ্যেও সোয়া নয় লাখের বেশি গেছেন জিসিসিভুক্ত দেশগুলোতে। ফলে রেমিট্যান্স বা প্রবাসী আয়ের ক্ষেত্রেও ওইসব দেশের অবদান বেশি। বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান অনুযায়ী, ২০২৫-২৬ অর্থবছরের প্রথম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর) মোট প্রবাসী আয় এসেছিল প্রায় ৭৫৯ কোটি টাকা। এর মধ্যে জিসিসিভুক্ত ছয়টি দেশ থেকে এসেছে প্রায় ৩৪৪ কোটি টাকা, যা মোট প্রবাসী আয়ের ৪৫ দশমিক ৪০ শতাংশ। "কিন্তু যুদ্ধের কারণে মধ্যপ্রাচ্যের ওইসব দেশের অর্থনীতির যে ক্ষতি হয়েছে, স্বাভাবিকভাবেই সেটির একটা নেতিবাচক প্রভাবে বাংলাদেশের জনশক্তি রপ্তানি ও প্রবাসী আয়ের ওপর পড়বে,„ বলেন ব্র্যাকের সহযোগী পরিচালক মি. হাসান। যদিও যুদ্ধের মধ্যেও গত কয়েক মাসে রেকর্ড পরিমাণ প্রবাসী আয় দেশে ঢুকেছে বলে জানাচ্ছে কেন্দ্রীয় ব্যাংক।

সর্বশেষ গত এপ্রিলেও তিনশ' কোটি মার্কিন ডলারের বেশি রেমিট্যান্স এসেছে বলে জানিয়েছেন কর্মকর্তারা। "দুই ঈদের আগে প্রতিবছরই রেমিট্যান্স বেশি আসে। এর মধ্যে যুদ্ধ শুরু হওয়ায় প্রবাসীরা তাদের জমানো অর্থও দেশে পাঠিয়ে দিচ্ছেন। যার ফলে আপাতত মনে হচ্ছে, রেমিট্যান্সের ওপর প্রভাব পড়ছে না। কিন্তু নেতিবাচক প্রভাবটা আসলে টের পাওয়া যাবে আরও পরে, দীর্ঘমেয়াদে,„ বলছিলেন মি. হাসান। ইতোমধ্যেই অনেকে চাকরি হারিয়ে দেশে ফিরে আসতে শুরু করেছেন। "আবার ভিসা না পাওয়া, ফ্লাইট চলাচলে বিঘ্ন ঘটাসহ নানান কারণে অসংখ্য কর্মী মধ্যপ্রাচ্যে যেতে পারছেন না। সব মিলিয়ে আমাদের জনশক্তি খাত বহুমাত্রিক সংকটের দিকে ধাবিত হচ্ছে,„ বলেন ব্র্যাক কর্মকর্তা মি. হাসান। বাংলাদেশ থেকে বৈধভাবে বিদেশে কাজ করতে যাওয়ার সময় বিএমইটি থেকে বাধ্যতামূলক অনুমোদন নিতে হয়। প্রতিষ্ঠানটির তথ্যে দেখা যাচ্ছে, গত মার্চে সাড়ে ৪৪ হাজারের কিছু বেশি কর্মী বিদেশে যাওয়ার ছাড়পত্র পেয়েছেন। আগের বছর, অর্থাৎ ২০২৫ সালের মার্চে ওই সংখ্যা ছিল এক লাখ পাঁচ হাজার। অর্থাৎ এক বছরের ব্যবধানে বিদেশে কর্মী পাঠানোর হার অর্ধেকেরও নিচে নেমে গেছে। এই সংকট মোকাবিলা করার জন্য জনশক্তি রপ্তানির বিকল্প বাজার অনুসন্ধানের প্রতি জোর দিচ্ছেন বিশেষজ্ঞরা। "বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভের বড়ো অংশই আসে রেমিট্যান্স থেকে। কাজেই এটা ঝুঁকিমুক্ত রাখতে না পারলে অর্থনীতিও ঝুঁকিতে পড়বে। আর রেমিট্যান্সের ঝুঁকি কমাতে হলে মধ্যপ্রাচ্যের বাইরে জনশক্তি রপ্তানির বিকল্প বাজার অবশ্যই খুঁজে বের করতে হবে,„ বিবিসি বাংলাকে বলেন অর্থনীতিবিদ ড. মোস্তাফিজুর রহমান।

**কী বলছে সরকার?**

ইরান যুদ্ধ ঘিরে মধ্যপ্রাচ্যে শ্রমশক্তির বাজারে যে সংকট দেখা দিয়েছে, সরকারও সেটি স্বীকার করছে। এটা তো আসলে অস্বীকার করা উপায় নেই। তবে আমরা আশা করছি, যুদ্ধ থেমে গেছে, পরিস্থিতি ধীরে ধীরে আবার স্বাভাবিক হয়ে যাবে,„ বিবিসি বাংলাকে বলছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. নুরুল হক। যদিও মধ্যপ্রাচ্যের সংকট সহসাই কাটবে না বলে ধারণা দিচ্ছেন বিশেষজ্ঞরা। "গত কয়েক দশকে সংযুক্ত আরব আমিরাত, কাতার বা সৌদি আরব বিনিয়োগ ও ভ্রমণের জন্য একটা নিরাপদ গন্তব্য হিসেবে যে ভারমূর্তি তৈরি করেছিল, সেটা এবারের যুদ্ধে ব্যাপকভাবে প্রশ্নবিদ্ধ হয়েছে,„ বলেন মি. হাসান। "ফলে আগামী কয়েক বছরে মধ্যে পরিস্থিতি পুরোপুরি স্বাভাবিক হবে বলে মনে হচ্ছে না, বরং তেলের মূল্যবৃদ্ধি খাবারসহ অন্যান্য নিত্যপণ্যের ওপর যে নেতিবাচক প্রভাব ফেলেছে, সেটাও প্রবাসীদের ভোগাবে,„ যোগ করেন তিনি। মূলত, সেই কারণেই জনশক্তি রপ্তানির বিকল্প বাজার অনুসন্ধানের প্রতি গুরুত্ব দিচ্ছেন বিশেষজ্ঞরা। যদিও সরকারও বলছে, বিকল্প বাজার হিসেবে তারা ইউরোপ, উত্তর আমেরিকা, পূর্ব এশিয়া এবং দূরপ্রাচ্যের দেশগুলোতে দক্ষ জনশক্তি পাঠানোর পরিকল্পনা করছেন। এক্ষেত্রে ইতোমধ্যেই জাপানের সঙ্গে একটি চুক্তি করা হয়েছে। এর আওতায় বর্তমানে অভিবাসন খরচ ছাড়াই কারিগরি

ইন্টার্ন হিসেবে অনেক কর্মীকে জাপানে পাঠানো হচ্ছে। এভাবে আগামী পাঁচ বছরে সেদেশে অন্তত এক লাখ কর্মী পাঠানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে," বলেন প্রবাসী কল্যাণ প্রতিমন্ত্রী। জনশক্তি রপ্তানি সহজ করতে সরকার ডজনেরও বেশি দেশের সঙ্গে চুক্তি ও সমঝোতা স্মারক সই করেছে বলেও জানানো হয়েছে। কিন্তু জাপান কিংবা ইউরোপ-আমেরিকার মতো উন্নত দেশগুলোতে কর্মী রপ্তানির জন্য প্রয়োজন বিভিন্নখাতে দক্ষ জনশক্তি গড়ে তোলা। সেদিকে কতটা নজর দিচ্ছে সরকার? "দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে সরকার ১০৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এবং ছয়টি সামুদ্রিক প্রযুক্তি ইনস্টিটিউটের মাধ্যমে তরুণদের প্রশিক্ষণ দিচ্ছে। সেইসঙ্গে, বিভিন্ন দেশের ভাষা শেখানোর জন্যও আলাদা কর্মসূচি চালু রয়েছে,„ বলেন প্রতিমন্ত্রী মি. হক। জঙ্গিবাদ, যুদ্ধসহ বিভিন্ন কারণে বর্তমানে মালয়েশিয়া, ওমান, সংযুক্ত আরব আমিরাত এবং বাহরাইনে জনশক্তি রপ্তানি করতে পারছে না বাংলাদেশ। এসব বন্ধ শ্রমবাজার চালু করার পাশাপাশি বিকল্প বাজার তৈরি করতে না পারলে ঝুঁকিপূর্ণ পথে অবৈধভাবে বিদেশ যাত্রা বেড়ে যেতে পারে বলে মনে করেন ব্র্যাকের অভিবাসন কর্মসূচির প্রধান শরিফুল হাসান। সরকার বলছে, বন্ধ শ্রমবাজার চালুর জন্য কূটনৈতিক প্রচেষ্টা চালানো হচ্ছে। "মালয়েশিয়া, ওমান, সংযুক্ত আরব আমিরাত এবং বাহরাইনের শ্রমবাজার পুনরায় চালু ও সম্প্রসারণের জন্য কূটনৈতিক প্রচেষ্টা অব্যাহত রয়েছে,„ সম্প্রতি সংসদে বলেন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মন্ত্রী হলেন আরিফুল হক চৌধুরী। সেইসঙ্গে, মধ্যপ্রাচ্যের বাইরে রোমানিয়া, পর্তুগাল, সেশেলস, জাপান, রাশিয়াসহ নতুন আরও বেশকিছু গন্তব্যে কর্মী পাঠানো শুরু হয়েছে বলে জানান মি. চৌধুরী।
(বিবিসি ওয়েব পেজ : ১১.০৫.২০২৬ আলী আহমেদ)

## মুখ্যমন্ত্রী হয়েই কেন বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া দিতে চাইছেন শুভেন্দু

ভারতের পশ্চিমবঙ্গ আর বাংলাদেশের সীমান্তের যে অঞ্চলে কাঁটাতারের বেড়া নেই, সেখানে বেড়া দেওয়ার জন্য বিএসএফকে ৪৫ দিনের মধ্যে জমি হস্তান্তরের সিদ্ধান্ত নিয়েছে রাজ্যটির নতুন মন্ত্রিসভা। মুখ্যমন্ত্রী বলেছেন, এটা না করা গেলে পশ্চিমবঙ্গের জনসংখ্যা পরিবর্তন ও সুরক্ষা প্রভাবিত হওয়ার আশঙ্কা রয়েছে। শপথ নেওয়ার পরে সোমবারই বসেছিল নতুন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সভাপতিত্বে মন্ত্রিসভার প্রথম বৈঠক। সেখানে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, পশ্চিমবঙ্গে ভারত আর বাংলাদেশের মধ্যে থাকা আন্তর্জাতিক সীমান্তের যে-সব অংশে এখনও কাঁটাতারের বেড়া নেই, সেই বেড়া দেওয়ার জন্য বিএসএফের কাছে প্রয়োজনীয় জমি হস্তান্তর করে দেওয়া হবে ৪৫ দিনের মধ্যে। মন্ত্রিসভার বৈঠক শেষে মুখ্যমন্ত্রী মি. অধিকারী বলেন, "আমাদের দেশের সুরক্ষার প্রশ্ন। পশ্চিমবঙ্গের সুরক্ষার প্রশ্ন এবং যে ভাবে জনবিন্যাস বদলে গেছে, আজ প্রথম দিনেই আমরা কেন্দ্রীয় স্বরাষ্ট্র দপ্তর ও বিএসএফকে সীমান্ত সুরক্ষিত করার জন্য জমি ট্রান্সফার প্রক্রিয়ার অনুমোদন দিলাম। ভূমি ও রাজস্ব সচিব এবং মুখ্য সচিবকে দায়িত্ব দেওয়া হলো। ৪৫ দিনের মধ্যে হস্তান্তর প্রক্রিয়া সম্পূর্ণ করতে হবে।„ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সংসদের শীতকালীন অধিবেশনে জানিয়েছিলেন যে, বাংলাদেশের সঙ্গে ভারতের পশ্চিমবঙ্গের ২,২১৬ কিলোমিটার সীমান্ত রয়েছে। তিনি জানান, এর মধ্যে ১,৬৫৩ কিলোমিটার সীমান্ত কাঁটাতার দেওয়া সম্পূর্ণ হয়েছে। তবে একমাত্র পশ্চিমবঙ্গে ৫৬৩ কিলোমিটার সীমান্ত কাঁটাতার দেওয়া বাকি রয়েছে। ওই ভাষণে স্বরাষ্ট্রমন্ত্রী অভিযোগ করেছিলেন, তৃণমূল কংগ্রেস সরকার অনুপ্রবেশকারীদের সুরক্ষা দেওয়ার কাজ করছে। নির্বাচনি প্রচারকালে অমিত শাহ-এর দপ্তর থেকে এক্স হ্যান্ডেলে লেখা হয়েছিল যে, পশ্চিমবঙ্গে সীমান্ত সুরক্ষিত করতে ৬০০ একর জমির প্রয়োজন, তা "বিএসএফকে দিচ্ছে না মমতা ব্যানার্জী, বিজেপি ক্ষমতায় এলেই সেই জমি বিএসএফের হাতে তুলে দেওয়া হবে।„ বাংলাদেশ থেকে ভারতে অনুপ্রবেশের অভিযোগ দীর্ঘদিন ধরেই তুলছেন বিজেপির শীর্ষ নেতৃত্ব। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও একই অভিযোগ তোলেন। অন্যদিকে, তৃণমূল কংগ্রেস এই অভিযোগের ক্ষেত্রে বলে আসছিল যে, "সীমান্ত আমাদের বিষয় নয়, কেন্দ্র সরকারের বিষয়।„ নির্বাচনের আগে রাজ্যে এসআইআর প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পরে বাদ গিয়েছিল প্রায় ৯১ লক্ষ নাম। কঙ্গনা রানাওয়াত-সহ বহু বিজেপি সংসদ সদস্য দাবি করেছিলেন এই বাদ যাওয়া সবাই বাংলাদেশি অনুপ্রবেশকারী।

**প্রথম বৈঠকে ছয় সিদ্ধান্ত**

এ দিন মুখ্যমন্ত্রী বলেন, ”পশ্চিমবঙ্গে গণতন্ত্রের মহোৎসব হয়েছে।„ পশ্চিমবঙ্গের ভোটারদের কৃতজ্ঞতা জানিয়ে একইসঙ্গে নির্বাচন কমিশন ও প্রতিদ্বন্দ্বী রাজনৈতিক দলকে কৃতজ্ঞতা জানান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এ ছাড়াও আজকের বৈঠকে আলোচিত বিষয়ের উপর মোট ছয়টি সিদ্ধান্ত ঘোষণা করেন তিনি। এর মধ্যেই আছে, সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য প্রায় ছয়শো একর জমি বিএসএফের হাতে তুলে দেওয়ার সিদ্ধান্তটি। যে সিদ্ধান্তগুলি পশ্চিমবঙ্গের নতুন মন্ত্রিসভা নিয়েছে, সেগুলি হলো : প্রথম, শুভেন্দু অধিকারী বলেন, ”নির্বাচনের আগে বহু বিজেপি কর্মী খুন হয়েছেন। তাদের পরিবারের দায়িত্বভার গ্রহণ করল এই সরকার।„ দ্বিতীয়, পশ্চিমবঙ্গের জনবিন্যাস 'বদলে যাওয়া' আটকাতে বিএসএফকে জমি হস্তান্তর প্রক্রিয়া শুরু করা হলো। ৪৫ দিনের মধ্যে বিএসএফকে জমি হস্তান্তর করা হবে। তৃতীয়, মুখ্যমন্ত্রী ঘোষণা করলেন, ”কেন্দ্রীয় স্বাস্থ্য দপ্তরের সঙ্গে পশ্চিমবঙ্গও আয়ুষ্মান ভারত প্রকল্পে যুক্ত হলো।„ একইসঙ্গে উজ্জ্বলা, বেটি বাঁচাও, বেটি পড়াও, বিশ্বকর্মা যোজনা-সহ কেন্দ্রীয় সরকারের একাধিক প্রকল্প পশ্চিমবঙ্গে চালু করা হলো বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী। তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে এই প্রকল্পগুলি আটকে রাখার অভিযোগ তুলেছিল বর্তমান শাসকদল। চতুর্থ, পশ্চিমবঙ্গের সিভিল সার্ভিস পরীক্ষায় উত্তীর্ণ হওয়া অফিসারদের কেন্দ্রীয় সরকারের ট্রেনিংয়ে যুক্ত করা হবে বলে জানান মুখ্যমন্ত্রী। শুভেন্দু অধিকারী বলেন, ”ডব্লুবিসিএস অফিসারদের কোনও রকম কেন্দ্রীয় সরকারি ট্রেনিংয়ে পাঠানো হতো না।„ পঞ্চম, মি. অধিকারী ঘোষণা করেন, ”ভারতের নতুন আইন 'ভারত ন্যায় সংহিতা' পশ্চিমবঙ্গে চালু করা হলো„ তিনি অভিযোগ তোলেন যে, ভারত ন্যায় সংহিতা রাষ্ট্রপতির অনুমোদন পাওয়া সত্ত্বেও পশ্চিমবঙ্গে পুরোনো আইন অনুযায়ী কাজ চালানো হচ্ছিল। ষষ্ঠ, রাজ্য সরকারি চাকরির ক্ষেত্রে পাঁচ বছরের বয়সসীমা ছাড় দেওয়া হলো। ২০১৫ সাল থেকে রাজ্য সরকারি চাকরিতে নিয়োগের ক্ষেত্রে ক্রমাগত অনিয়ম হয়েছে বলে অভিযোগ করেছিলেন স্বয়ং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। যার জন্য আবেদনকারীদের অতিরিক্ত সময় দেওয়া হলো বলে ঘোষণা করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

**সদ্য বিদায় নেওয়া সরকারের সমালোচনা**

এই ছয়টি ঘোষণার পরে সাবেক সরকারের বিরুদ্ধে একাধিক দুর্নীতির অভিযোগ তোলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এমনকি জনগণনা সংক্রান্ত কাজ আটকে দেওয়ার অভিযোগ করেন শুভেন্দু অধিকারী। আজ থেকে পশ্চিমবঙ্গে জনগণনার কাজ শুরু করার ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী। তবে বর্ধিত হারে ডিএ নিয়ে তিনি বলেন, ”এই সংক্রান্ত আলোচনা পরবর্তী বৈঠকে হবে।„ এ দিন তিনি বলেন, নতুন সরকার সব রকম তথ্য নিয়ে সব প্রশ্নের উত্তর দেবে। সরকারি তথ্য ছাড়া কোনও রকম প্রশ্নের উত্তর দেবেন না তিনি। বৈঠক থেকে বেরিয়ে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, সাবেক সরকার 'ফর দ্য পার্টি, বাই দ্য পার্টি' হিসেবে কাজ করত, ”সংবিধান প্রণেতা ড. বাবসাহেব আম্বেদকরের ফর দ্য পিপল, বাই দ্য পিপল আদর্শকে তুলে ধরা হবে।„ তবে এই ছয়টি সিদ্ধান্ত ঘোষণা হওয়ার পরে এই প্রতিবেদন লেখা পর্যন্ত প্রধান বিরোধী দল তৃণমূল কংগ্রেসের তরফে কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

**'পুরোনো জনমুখী প্রকল্পগুলি বন্ধ হবে না'**

গত ৯ মে কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে শপথ গ্রহণ করেন শুভেন্দু অধিকারী ছাড়াও, আরও পাঁচজন মন্ত্রী। জানা যাচ্ছে, মন্ত্রিসভার আরও অনেকে ধীরে ধীরে শপথ নিয়ে যুক্ত হবেন। নবান্ন ভবনের সভাকক্ষে আজ মিটিংয়ের আগে বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য-এর সঙ্গে দেখা করে, তার পরে পার্টি অফিসে যান। সেখান থেকে নবান্নে যান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। পার্টি অফিস থেকে বের হওয়ার সময়ে তাকে শঙ্খ বাজিয়ে সম্মান জানানো হয় কর্মীদের তরফে। এ দিন পার্টি অফিস থেকে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য সাংবাদিকদের বলেন, ”সরকার ও পার্টি আলাদা দুটি সত্তা, দুটির সমন্বয় থাকবে। কিন্তু যে সরকার তৈরি হয়েছে, সেটা বিজেপি সরকার নয়, সেটি পশ্চিমবঙ্গ সরকার হবে।„ পশ্চিমবঙ্গের নবম মুখ্যমন্ত্রী নবান্নে ঢোকার আগে তাকে 'গার্ড অফ অনার' দিয়ে অভিবাদন জানায় কলকাতা পুলিশ। উপস্থিত ছিলেন রাজ্য পুলিশের ডিজি ও কলকাতা এবং হাওড়ার দুই পুলিশ কমিশনার। নবান্ন ভবনে ১৪ তলা, অর্থাৎ যেখানে সাবেক মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর অফিস ছিল, সেই ফ্লোরেই নিজের প্রথম বৈঠক সারলেন শুভেন্দু অধিকারী। বৈঠকে ছিলেন দিলীপ ঘোষ, অগ্নিমিত্রা পাল, নিশীথ প্রামাণিক, ক্ষুদিরাম টুডু ও অশোক কীর্তনিয়া। ওই বৈঠক থেকে বেরিয়ে শুভেন্দু অধিকারী বলেন, ”আমি গোটা রাজ্যের মানুষকে জানাই, ড. শ্যামাপ্রসাদ মুখার্জীর আদর্শ ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ডবল ইঞ্জিন সরকারের মাধ্যমে মানুষের জন্য কাজ করবে।„ পশ্চিমবঙ্গ সরকারের কোনও চালু থাকা সামাজিক প্রকল্প বন্ধ করা হবে না বলেও জানিয়ে দিয়েছেন, পশ্চিমবঙ্গের নতুন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। (বিবিসি ওয়েব পেজ : **১১.০৫.২০২৬** আলী আহমেদ)

## বাংলাদেশে গরুর মাংস আমদানির দাবি উঠছে কেন

বাংলাদেশের হোটেল- রেস্তোরাঁ ব্যবসায়ীদের একটি সংগঠন গরুর মাংস আমদানির অনুমতি দেওয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানানোর পর, এ নিয়ে নানা ধরনের আলোচনা শুরু হয়েছে। দেশের অভ্যন্তরীণ বাজারে সব সময়ই গরুর মাংসের দাম আলোচনায় থাকে। দেশটিতে গরুর মাংসের দাম অনেক বেশি- ভোক্তাদের এমন অভিযোগও দীর্ঘদিনের। অনেকেই অভিযোগ করে থাকেন যে, ভারত থেকে গরু আমদানি বন্ধ থাকার সুযোগে গরুর মাংসের দাম ব্যাপকভাবে বাড়িয়ে এখনকার পর্যায়ে নিয়ে এসেছেন এক শ্রেণির বিক্রেতা। তারপরেও দেশে খামারগুলোতে প্রচুর গরু উৎপাদন হওয়ায় দেশীয় উদ্যোক্তাদের বিনিয়োগ যাতে ক্ষতিগ্রস্ত না হয়, সেই বিষয়টি বিবেচনায় নিয়ে গরুর মাংস আমদানির প্রস্তাবে আগেও সরকার সায় দেয়নি। সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মো. দেলোয়ার হোসেন বলছেন, এখনো এমন কোনও পরিকল্পনা সরকারের নেই এবং এ ধরনের কোনো প্রস্তাবও কেউ তাদের দেয়নি। অবশ্য কিছু প্রতিষ্ঠান হিমায়িত গরুর মাংস আমদানি করে থাকে, যা দেশের পাঁচতারকা হোটেল কিংবা কিছু রেস্তোরাঁতে ব্যবহার করা হয়। বাংলাদেশে প্রায় ৬০ হাজারের মতো হোটেল রেস্তোরা আছে এবং এর মধ্যে ঢাকাতেই আছে প্রায় ২৫ হাজার। প্রশ্ন হলো, এসব হোটেল রেস্তোরাঁগুলো গরুর মাংস আমদানির সুযোগ চাইছে কেন?

### গরুর মাংস আমদানির প্রস্তাব কেন

বাংলাদেশ রেস্তোরাঁ মালিক সমিতি রবিবার ঢাকায় সংবাদ সম্মেলন করে তাদের গরুর মাংস আমদানির সুযোগ দেওয়ার দাবি জানিয়েছেন। সমিতির মহাসচিব ইমরান হাসান বিবিসি বাংলাকে বলছেন, গরুর মাংসের দাম ধরাছোঁয়ার বাইরে চলে গেছে, আবার খামারগুলো থেকে বাজারে আসা গরুর মাংস বেশি দাম দিয়ে কিনলেও, তাতে মাংসের প্রকৃত স্বাদ পাওয়া যাচ্ছে না। ”আমাদের হোটেল রেস্তোরাঁর ব্যবসা নির্ভর করে গরুর মাংসের ওপর। সব দেশে এর দাম যৌক্তিক পর্যায়ে রাখার চেষ্টা করা হয়। এখানে ৮০০-১০০০ টাকা দাম। আবার যে ধরনের মাংস রেস্টুরেন্টে দরকার, তেমন মাংসও খুব একটা পাওয়া যায় না। ফলে ব্যবসা ও ভোক্তার তৃপ্তি কোনোটাই হচ্ছে না,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। মি. হাসান অবশ্য বলছেন, তারা সংবাদ সম্মেলনের মাধ্যমে মাংস আমদানির সুযোগ চাইলেও, এখনো সরকারের কাছে আনুষ্ঠানিক কোনো প্রস্তাব তারা দেননি। বাংলাদেশের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মো. দেলোয়ার হোসেন বলছেন, বাজারে গরুর মাংসের ন্যায্যমূল্য নিশ্চিত করার জন্য সরকারের বিভিন্ন সংস্থা কাজ করে যাচ্ছে এবং দাম নিয়ে ক্রেতাদের মধ্যে খুব একটা অসন্তোষ আছে বলেও মনে হচ্ছে না। ”এবারের কোরবানিতেও পর্যাপ্তসংখ্যক গবাদিপশু বাজারে আসবে। ফলে সরবরাহজনিত কারণে দাম বৃদ্ধির কোনো আশঙ্কা নেই। আর আমরা মনে করি, আমদানির প্রয়োজনীয়তাই তো নেই। কারণ কোরবানির চাহিদা পূরণের পরেও দেশে প্রায় ২৫ লাখের বেশি গবাদি পশু উদ্বৃত্ত থাকে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

যদিও অনেকে মনে করেন, বাংলাদেশে কিছু বড়ো ব্যবসায়ী গরুর মাংস ব্যবসায় (খামার ও মাংসজাত পণ্য) বিনিয়োগ করেছেন গত এক দশকে। গরু কিংবা মাংস আমদানির বিরুদ্ধে তাদের অবস্থান থাকায় সরাসরি মাংস আমদানির দিকে খুব একটা আগ্রহী নয় বাংলাদেশ সরকার। ইমরান হাসান বলছেন, ”বড়ো বড়ো শিল্প গ্রুপ ও শৌখিন উদ্যোক্তা খামার নিয়ন্ত্রণ করছে। ফলে বাজারে মাংসের দাম বেড়েছে। সাধারণ কৃষকদের জন্য গরু লালন-পালন ব্যয়বহুল হয়ে দাঁড়িয়েছে। আমরা আমদানির সুযোগ পেলে মাংসের দাম কেজি প্রতি ৫০০ টাকার মধ্যে থাকবে এবং মানুষ উপকৃত হবে।„ প্রসঙ্গত, বাজারে বর্তমানে গরুর মাংস ৮০০-৮৫০ টাকায় বিক্রি হচ্ছে। এর আগে, ২০১৯ রোজার মাসের জন্য ঢাকা দক্ষিণের সিটি করপোরেশন গরুর মাংসের দাম কেজি প্রতি যথাক্রমে ৫২৫ টাকায় বেঁধে দেয়। ২০২১ সালের একই সময়ে গরুর মাংস কেজিপ্রতি দাম ছিল ৫৬০ থেকে ৬০০ টাকা। ২০২২ সালে গরুর মাংস প্রতি কেজি সর্বোচ্চ ৬৫০ থেকে ৭০০ টাকা দরে বিক্রি হয়েছে। ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশ টিসিবির বাজার দর অনুযায়ী, ২০২৩ সালে গরুর মাংসের প্রতি কেজি ৭২০ থেকে ৭৫০ টাকা দরে বিক্রি হয়েছে।

### মাংস আমদানির আলোচনা কি নতুন কিছু?

বাংলাদেশে ২০২২ সালের এপ্রিলে জারি হওয়া আমদানি নীতি আদেশে প্রথমবারের মতো গরু, ছাগল ও মুরগির মাংস ও মানুষের খাওয়ার উপযোগী অন্যান্য পশুর মাংস আমদানির ক্ষেত্রে প্রাণিসম্পদ অধিদপ্তরের পূর্বানুমতির বিধান আসে। এরপর থেকে বিশেষ কারণ ছাড়া মাংস আমদানির অনুমতি দেওয়া হয় না বলেই জানিয়েছে অধিদপ্তর। এদিকে, ২০১২ সালের পর থেকে ভারত বাংলাদেশে গরু রপ্তানির ওপর কড়াকড়ি আরোপ করে এবং পরে এক পর্যায়ে গরু আসা প্রায় বন্ধ হয়ে যায়। ফলে বাংলাদেশের বাজারে গরুর মাংসের দাম বেড়ে যাওয়ার প্রেক্ষাপটে গত এক দশকে বিভিন্ন সময়ে বিভিন্ন গোষ্ঠীর দিক থেকে গরুর মাংস আমদানির প্রস্তাব এসেছে। আবার গরুর উৎপাদন বেশি হয়, এমন কয়েকটি দেশও বাংলাদেশে গরুর মাংস রপ্তানির প্রস্তাব দিয়ে আলোচনায় এসেছিল। সরকারের দিক থেকে কখনও কখনও আগ্রহ দেখালেও, শেষ পর্যন্ত গরু বা গরুর মাংস আমদানির পক্ষে কোনো সিদ্ধান্ত সরকার নেয়নি। গরুর মাংস আমদানির একটি প্রস্তাব ব্যাপক আলোচনায় এসেছিল ২০১৮ সালে। তখন বাংলাদেশেরই কিছু ব্যবসায়ী ভারত থেকে গরুর মাংস আমদানির জন্য সরকারের কাছে প্রস্তাব দিয়েছিলেন। প্রসঙ্গত, ভারত প্রতি বছর ৭০টির মতো

দেশে প্রক্রিয়াজাত মাংস রপ্তানি করে থাকে। বাংলাদেশে ব্যবসায়ীদের শীর্ষ সমিতি এফবিসিসিআইয়ের তখনকার সভাপতি শফিউল ইসলাম মহিউদ্দিন ওই সময়ে বিবিসি বাংলাকে বলেছিলেন, "বাজারে গরুর মাংসের দাম বেড়ে যাওয়ায় সাধারণ মানুষের আমিষের চাহিদা মেটাতে ভারত থেকে গরুর মাংস আমদানি একটি বাস্তবসম্মত সমাধান হতে পারে।" কিন্তু পরে আর সেই আলোচনা বেশিদূর এগোয়নি, বরং তখন প্রস্তাবটি নাকচ করে দেয় প্রাণিসম্পদ মন্ত্রণালয়। তখন মন্ত্রণালয় থেকে বলা হয়েছিল যে, বছরে বাংলাদেশের মাংসের চাহিদা ৭০ লাখ টন, যার পুরোটাই এখন দেশে উৎপাদিত হচ্ছে। "ফলে মাংস আমদানি করলে করলে এই খাত সংকটে পড়বে।"

তবে, এরপর গরুর মাংস নতুন করে আলোচনায় আসে ২০২৪ সালের আগস্টে, আওয়ামী লীগ সরকারের পতনের কয়েক মাস আগে। ওই সময় দক্ষিণ আমেরিকার দেশ ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী প্রথমবারের মতো ঢাকা সফরে এসেছিলেন। তার ওই সফরের সময়ে ব্রাজিলের দিক থেকে বাংলাদেশে গরুর মাংস রপ্তানিতে আগ্রহ প্রকাশ করা হলে, এর বিপরীতে বাংলাদেশ জীবন্ত গরু আমদানি করার আগ্রহ প্রকাশ করেছিল। বাংলাদেশে মাংসজাত পণ্য হিসেবে গরুর মাংস রফতানির প্রস্তাব দিয়ে ব্রাজিলের দিক থেকে তখন বলা হয়েছিল যে, তারা কেজি প্রতি পাঁচশ টাকারও কম দামে গরুর মাংস সরবরাহ করতে পারবে। ব্রাজিল গরুর দুধ ও মাংস উৎপাদনে বিশ্বের অন্যতম শীর্ষ দেশ। মূলত কৃষি ও পশু খাতে নজিরবিহীন সাফল্যের কারণেই ব্রাজিলকে অনেকে এখন বিশ্বের 'ফুড বাস্কেট' হিসেবে অভিহিত করেন। ব্রাজিল চীনসহ বিশ্বের শতাধিক দেশে গরুর মাংস রপ্তানি করে। ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রীর ওই সফর শেষে এ নিয়ে আর কোনো অগ্রগতি হয়নি। ওই বছরই সরকার পরিবর্তনের পর মাংস আমদানির ইস্যুটিই আর কেউ তোলেনি। যদিও সাধারণ মানুষের জন্য গরুর মাংসের দাম কিছুটা কমিয়ে আনার জন্য অনেকেই মনে করেন যে, গরুর মাংসের আমদানির সুযোগ কিছুটা হলেও থাকা উচিত। তবে সরকার দেশে পশু উৎপাদনে নেতিবাচক প্রভাব ফেলতে পারে এমন কিছু করতে রাজি নয়।(বিবিসি ওয়েব পেজ : ১১.০৫.২০২৬ আলী আহমেদ)

## আমাকে নিয়ে যাদের সন্দেহ আছে, তাদের ভুল প্রমাণিত করবো, এমপিদের উদ্দেশ্যে ব্রিটিশ প্রধানমন্ত্রী

ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার বলেছেন, সব সরকারের মতো আমাদেরও ভুল আছে, তবে বড়ো রাজনৈতিক সিদ্ধান্ত সঠিকভাবে নিতে পেরেছি। বৃহস্পতিবারের নির্বাচনে ভরাডুবির পর নিজের নেতৃত্ব টিকিয়ে রাখতে মরিয়া ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার। দলের ভেতরে ও বাইরে ওঠা সমালোচনার মুখে তিনি অঙ্গীকার করেছেন যে, যারা তার নেতৃত্ব নিয়ে 'সন্দেহ' পোষণ করছেন, তিনি তাদের ভুল প্রমাণ করবেন। প্রধানমন্ত্রী স্বীকার করেছেন যে, তার সরকার কিছু ভুল করেছে। তিনি বলেন, "অন্য সব সরকারের মতো আমরাও কিছু ভুল করেছি, কিন্তু রাজনীতির বড়ো বড়ো সিদ্ধান্তের ক্ষেত্রে আমরা সঠিক পথেই ছিলাম।" নির্বাচনি ফলাফল প্রসঙ্গে স্টারমার জানান, লেবার পার্টির এই হার তার জন্য বেশ বেদনাদায়ক। নিজের অনুভূতি প্রকাশ করে তিনি বলেন, "এটি আমাকে কষ্ট দিয়েছে। আমি মানুষের আবেগ বুঝতে পারছি এবং নিজেও তা অনুভব করছি।" ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার তার সরকারের সাফল্য এবং বর্তমান চ্যালেঞ্জগুলো নিয়ে বলেছেন, "অবশ্যই, অন্য সব সরকারের মতো আমরাও ভুল করেছি।" "তবে আমরা বড়ো রাজনৈতিক সিদ্ধান্তগুলো সঠিকভাবে নিতে পেরেছি। আমি বলতে চাচ্ছি, আমরা যদি অন্য দলগুলোর পরামর্শ শুনতাম, তবে এই মুহূর্তে আমরা ইরানের সাথে একটি অচলাবস্থায় আটকে থাকতাম এবং এমন একটি যুদ্ধে জড়িয়ে পড়তাম, যা আমাদের স্বার্থে নেই আর আমি কখনোই তা হতে দেব না।" নির্বাচনি বিপর্যয়ের পর লেবার পার্টির ভেতর থেকেই এখন নেতৃত্বের পরিবর্তনের দাবি উঠছে। অন্যদিকে, সাবেক উপ-প্রধানমন্ত্রী অ্যাঞ্জেলা রেনার সরাসরি স্টারমারকে জানিয়েছেন যে, বর্তমান কর্মপন্থা মোটেও "কাজে দিচ্ছে না"। দলের পরিস্থিতি সামাল দিতে তিনি অ্যান্ডি বার্নামকে পুনরায় পার্লামেন্টে ফিরিয়ে আনারও আহ্বান জানিয়েছেন। দলের কোনো সংসদ সদস্য যদি তার নেতৃত্বের বিরুদ্ধে অনাস্থা প্রকাশ বা চ্যালেঞ্জ ছুড়ে দেন, তবে কি তিনি লড়াই করবেন? এমন প্রশ্নের জবাবে ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার সাফ জানিয়ে দিয়েছেন, "আমি মাঠ ছেড়ে যাব না।" বৃহস্পতিবারের নির্বাচনে লেবার পার্টির বড়ো ধরনের বিপর্যয়ের পর থেকে প্রধানমন্ত্রী বারবার এই একই অবস্থানে অনড় থাকার কথা জানাচ্ছেন। উল্লেখ্য, গত সপ্তাহে লেবার এমপি ক্যাথরিন ওয়েস্ট তার দলের মন্ত্রিসভাকে এক চূড়ান্ত সময়সীমা বা আল্টিমেটাম বেঁধে দিয়েছেন। তিনি স্পষ্ট জানিয়েছেন, মন্ত্রিসভার কেউ যদি স্টারমারকে চ্যালেঞ্জ না করেন, তবে তিনি নিজেই প্রধানমন্ত্রীর নেতৃত্বের বিরুদ্ধে লড়াইয়ে নামবেন। নিজের দৃঢ় অবস্থানের কথা পুনর্ব্যক্ত করে স্টারমার আরও বলেন, ব্রিটেন একটি "যৌক্তিক, সহনশীল এবং মার্জিত দেশ" এবং "এই ব্রিটেনের জন্যই আমি লড়াই চালিয়ে যাব।"

(বিবিসি ওয়েব পেজ : ১১.০৫.২০২৬ নারগীস)

**"আমাদের দাবিগুলো যুক্তিসংগত, উদার এবং ইরানের বৈধ অধিকার": পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র**

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই ইরানের দাবিগুলোকে "যুক্তিসংগত, দায়িত্বশীল এবং উদার" হিসেবে উল্লেখ করেছেন। একইসঙ্গে যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে "একতরফা ও অযৌক্তিক" দৃষ্টিভঙ্গি বজায় রাখার অভিযোগ তুলেছেন তিনি। যুক্তরাষ্ট্রের প্রস্তাবের বিপরীতে তেহরানের দেওয়া জবাবকে ডোনাল্ড ট্রাম্প "সম্পূর্ণ অগ্রহণযোগ্য" এবং ইরানকে প্রতারণার দায়ে অভিযুক্ত করে মন্তব্য করার পর ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ওই মন্তব্য করেন। মি. বাঘাই ইরানের কিছু দাবি তুলে ধরে বলেন, যা কিছু চাওয়া হয়েছে তার সবই "ইরানের বৈধ অধিকার।" "এই অঞ্চলে যুদ্ধ বন্ধ করা কি ইরানের অতিরিক্ত কোনো দাবি? এই অঞ্চলে ইরানি জাহাজের বিরুদ্ধে পাইরেসি বা জলদস্যুতা বন্ধের দাবি কি অন্যায্য? যেটিকে নৌ-অবরোধ বলা হচ্ছে, বিদেশি ব্যাংকে জব্দ থাকা ইরানের জনগণের সম্পদ ফেরত চাওয়া কী অন্যায়? হরমুজ প্রণালি দিয়ে নিরাপদে যাতায়াতের প্রস্তাব কী মাত্রাতিরিক্ত? কিংবা লেবাননসহ পুরো অঞ্চলে শান্তি প্রতিষ্ঠার মতো গুরুত্বপূর্ণ দাবি কি খুব বেশি চাওয়া?" বলেন মি. বাঘাই।

(বিবিসি ওয়েব পেজ : ১১.০৫.২০২৬ আলী আহমেদ)

## রেডিও তেহরান

**সীমান্তে বিএসএফের গুলিতে নিহত দুই বাংলাদেশির লাশ ১৮ ঘণ্টা পর ফেরত দিয়েছে বিএসএফ**

ব্রাহ্মণবাড়িয়ার কসবা উপজেলা সীমান্তে বিএসএফের গুলিতে নিহত দুই বাংলাদেশির লাশ ১৮ ঘণ্টা পর ফেরত দিয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। শনিবার বিকেলে কসবা উপজেলার ক্ষীরনাল সীমান্তে পতাকা বৈঠকের মাধ্যমে লাশ দুটি বাংলাদেশে ফেরত দেওয়া হয়। শুক্রবার রাতে সীমান্ত এলাকায় বিএসএফের গুলিতে তাদের মৃত্যু হয়। এ ঘটনায় আরো বেশ কয়েকজন আহত হয়েছেন। শেখ হাসিনার আমলে ভারত যেমন সীমান্তে বাংলাদেশিদের অবাধে গুলি করে হত্যা করত, সেই একই ধারা এখনো অব্যাহত রয়েছে, কোনো প্রতিকার ছাড়াই।

(রেডিও তেহরান: ২০৩০ ঘ, ১১.০৫.২০২৬ রুবাইয়া)

**পশ্চিমবাংলার সাম্প্রতিক রাজনৈতিক বাস্তবতা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ**

পশ্চিমবাংলার সাম্প্রতিক রাজনৈতিক বাস্তবতা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন রাজ্যের বিশিষ্ট রাজনৈতিক পর্যবেক্ষক, শিক্ষাবিদ ও সংখ্যালঘু অধিকার সংশ্লিষ্ট ব্যক্তিরা। তাদের মতে, আগামী এক দশকেও ভারতের ক্ষমতাসীন দল বিজেপির রাজনৈতিক অবস্থানে বড়ো ধরনের কোনো পরিবর্তনের সম্ভাবনা নেই, বরং ভোটার তালিকা সংশোধন, নাগরিকত্ব যাচাই এবং অনুপ্রবেশ ইস্যুকে কেন্দ্র করে যে নতুন রাজনৈতিক বাস্তবতা তৈরি হচ্ছে, তা পশ্চিমবাংলার মুসলমানদের জন্য দীর্ঘমেয়াদি সংকট ডেকে আনতে পারে। বিশ্লেষকদের মতে, সাম্প্রতিক বছরগুলোতে ভোটার তালিকায় যেভাবে সংশোধন আনা হয়েছে এবং বিপুলসংখ্যক মানুষের ভোটাধিকার নিয়ে প্রশ্ন তৈরি হয়েছে, তাতে ভবিষ্যতে অন্য কোনো রাজনৈতিক দলের পক্ষে শুধুমাত্র নির্বাচনি প্রক্রিয়ার মাধ্যমে ক্ষমতায় ফেরা কঠিন হয়ে উঠতে পারে। তাদের দাবি, ভোটাধিকার সংকুচিত হওয়ার এই প্রবণতা কেবল প্রশাসনিক সিদ্ধান্ত নয়, বরং এটি বৃহত্তর রাজনৈতিক কৌশলের অংশ, যার মাধ্যমে বিরোধী ভোট ব্যাংকে দুর্বল করা হচ্ছে।

পশ্চিমবাংলার মুসলমানদের রাজনৈতিক ও সামাজিক অবস্থান নিয়েও উদ্বেগ বাড়ছে। পর্যবেক্ষকদের মতে, রাজ্যের ক্ষমতা কাঠামোয় মুসলমানদের যে সীমিত উপস্থিতি এতদিন ছিল, ভবিষ্যতে সেটিও সংকুচিত হয়ে আসতে পারে। তারা উল্লেখ করেন, এবারই পশ্চিমবাংলায় প্রথমবারের মতো এমন একটি মন্ত্রিসভা গঠিত হয়েছে, যেখানে কোনো মুসলিম সদস্য নেই। এই ঘটনাকে অনেকে প্রতীকী পরিবর্তনের চেয়েও, বেশি কিছু হিসেবে দেখছেন। তাদের মতে, এটি ভবিষ্যতে রাজনৈতিক প্রবণতার ইঙ্গিত বহন করছে। একাধিক রাজনৈতিক বিশ্লেষক মনে করেন, আগামী বছরগুলোতে পশ্চিমবাংলার মুসলমানরা শুধু প্রশাসনিকভাবেই নয়, সামাজিক ও সাংস্কৃতিকভাবেও ক্রমবর্ধমান চাপে পড়তে পারেন। তাদের আশঙ্কা, মুসলমানরা যে ধর্মীয় ও সাংস্কৃতিক স্বতন্ত্র এতদিন ধরে জনপরিসরে ধরে রাখার চেষ্টা করেছে, তা ধীরে ধীরে সংকুচিত হবে। জনপরিসরে মুসলিম পরিচয়ের দৃশ্যমানতা কমে আসবে এবং ধর্মীয় পরিচয় বহন করাটাই অনেক ক্ষেত্রে ঝুঁকিপূর্ণ হয়ে উঠতে পারে। এখনকার রাজনীতিতে মুসলমানদেরকে সরাসরি রাজনৈতিক প্রতিপক্ষ হিসেবে নয়, বরং সন্দেহভাজন নাগরিক হিসেবে উপস্থাপন করার চেষ্টা হচ্ছে। বিশেষ করে, সীমান্তবর্তী রাজ্যগুলোতে অনুপ্রবেশকারী শব্দটিকে রাজনৈতিকভাবে এমনভাবে ব্যবহার করা হচ্ছে, যাতে সাধারণ মুসলমানরাও নিরাপত্তাহীনতায় ভোগেন। ভারতে জাতীয় রাজনীতিতে বিজেপির উত্থানকে অনেকেই কেবল একটি দলের নির্বাচনি সাফল্য হিসেবে দেখছেন না। বরং এটিকে রাষ্ট্রের রাজনৈতিক চরিত্রের একটি বড়ো পরিবর্তন হিসেবেও ব্যাখ্যা করা হচ্ছে। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, বিজেপির রাজনীতি এমন এক জাতীয়তাবাদী কাঠামো তৈরি করেছে, যেখানে জাতীয় পরিচয় এবং হিন্দু পরিচয়কে প্রায় একই অর্থে ব্যবহার করা হচ্ছে। এর ফলে, মুসলমানদেরকে অনেক ক্ষেত্রেই অন্য বা বহিরাগত হিসেবে চিত্রিত করা হচ্ছে।

পশ্চিমবাংলা দীর্ঘদিন ধরে ভারতের অন্যান্য অনেক রাজ্যের তুলনায় ভিন্ন রাজনৈতিক সংস্কৃতির প্রতিনিধিত্ব করেছে। বামপন্থি রাজনীতি, বাংলা ভাষাভিত্তিক সাংস্কৃতিক চেতনা এবং তৃণমূল কংগ্রেসের তুলনামূলক সহনশীল অবস্থানের কারণে মুসলমানরা এখানে অন্তত সাংস্কৃতিক নিরাপত্তা অনুভব করতেন বলে মত দেন পর্যবেক্ষকরা। তবে বর্তমান রাজনৈতিক পরিবর্তনের ফলে সেই নিরাপত্তাবোধ দুর্বল হয়ে পড়ছে। ভোটার তালিকা সংশোধন এবং নাগরিকত্ব যাচাইয়ের বিষয়টি নিয়েও নতুন করে আলোচনা শুরু হয়েছে। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, আসামে জাতীয় নাগরিক পঞ্জি বা এনআরসি প্রক্রিয়ার অভিজ্ঞতা পশ্চিম বাংলার মুসলমানদের মধ্যে গভীর উদ্বেগ তৈরি করেছে। তারা আশঙ্কা করছেন, ভোটার তালিকা হালনাগাদের নামে বিপুল সংখ্যক মানুষকে ভোটাধিকার থেকে বঞ্চিত করা হতে পারে। আর তা হলে গণতান্ত্রিক কাঠামোয় মুসলমানদের রাজনৈতিক প্রভাব আরো কমে যাবে।

বিশ্লেষকদের মতে, গণতন্ত্রে ভোটাধিকার শুধু ভোট দেওয়ার সুযোগ নয়, এটি নাগরিক মর্যাদার অন্যতম ভিত্তি। যখন কোনো জনগোষ্ঠী মনে করে যে, তাদের ভোটের মূল্য কমে যাচ্ছে অথবা প্রশাসনিক প্রক্রিয়ার মাধ্যমে তাদের ভোটাধিকার প্রশ্নবিদ্ধ করা হচ্ছে, তখন তারা ধীরে ধীরে রাজনৈতিকভাবে অদৃশ্য হয়ে পড়ে। অনুপ্রবেশকারী ইস্যুটি নিয়েও রাজনৈতিক মহলে বিস্তর আলোচনা চলছে। বিশেষ করে, বাংলা ও আসামের মতো সীমান্তবর্তী অঞ্চলে এই শব্দটি এখন শক্তিশালী রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহৃত হচ্ছে বলে অভিযোগ রয়েছে। সমালোচকদের মতে, অবৈধ অভিবাসনের প্রশ্নটি জটিল ও ঐতিহাসিক অর্থনৈতিক বাস্তবতার সাথে জড়িত হলেও, রাজনৈতিক প্রচারণায় এটিকে প্রায় পুরোপুরি ধর্মীয় রূপ দেওয়া হয়েছে। ফলে বহু প্রজন্ম ধরে ভারতে বসবাসকারী মুসলমানরাও নিজেদের নাগরিকত্ব নিয়ে অনিশ্চয়তায় ভুগছেন। পশ্চিমবাংলার মুসলমানদের আর্থ-সামাজিক অবস্থানও নতুন করে আলোচনায় এসেছে। বিভিন্ন গবেষণা ও কমিশনের প্রতিবেদনে দেখা গেছে, শিক্ষাগত ও অর্থনৈতিক সূচকে পশ্চিমবাংলার মুসলমানরা দীর্ঘদিন ধরেই পিছিয়ে আছেন। তৃণমূল সরকারের সময় সংখ্যালঘু উন্নয়নমূলক কিছু প্রকল্প চালু হলেও, তা কাঠামোগত বৈষম্য খুব বেশি কমাতে পারিনি বলে মনে করেন বিশেষজ্ঞরা। সরকারি চাকরি, উচ্চশিক্ষা ও প্রশাসনিক পদে মুসলমানদের প্রতিনিধিত্ব এখনো তুলনামূলক কম। তবে, রাজনৈতিক বিশ্লেষকদের মতে, এতদিন মুসলমানদের মধ্যে অন্তত এই ধারণা ছিল যে, তারা সাংস্কৃতিভাবে স্বীকৃত নাগরিক, তারা ধর্মীয় পোশাক, আচার কিংবা পরিচয় নিয়ে জনপরিসরে চলাফেরা করতে পারতেন। এখন সেই পরিস্থিতি বদলে যেতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

একাধিক পর্যবেক্ষক মনে করেন, হিন্দুত্ববাদী রাজনীতি কেবল নির্বাচনি রাজনীতির মধ্যেই সীমাবদ্ধ নয়। এটি ধীরে ধীরে শিক্ষা, সংস্কৃতি, প্রশাসন, সংবাদমাধ্যম এবং সামাজিক আচরণেও প্রভাব বিস্তার করছে। মুসলমানদের নিয়ে নেতিবাচক প্রচারণা বাড়তে থাকলে, সমাজে তাদের প্রতি অবিশ্বাসও বাড়বে। এর ফলে মুসলমানরা নিজেদের পরিচয় আড়াল করতে বাধ্য হতে পারেন বলেও আশঙ্কা করা হচ্ছে। বিধানসভায় উল্লেখযোগ্য সংখ্যক মুসলিম সদস্য নির্বাচিত হলেও, তাদের কার্যকর ভূমিকা নিয়েও প্রশ্ন উঠেছে। এ বিষয়ে এক বিশ্লেষক বলেন, স্থানীয় পর্যায়ে ছোটখাটো বিরোধ বা সংঘাত হয়ত মুসলিম বিধায়কেরা সামাল দিতে পারবেন, কিন্তু বড়ো রাজনৈতিক সিদ্ধান্ত কিংবা প্রশাসনিক নীতির বিরুদ্ধে তাদের কার্যকর ভূমিকা রাখার সুযোগ খুব সীমিত। আধুনিক রাষ্ট্র ব্যবস্থায় প্রকৃত ক্ষমতা অনেক সময় নির্বাচিত প্রতিনিধিদের চেয়ে প্রশাসনিক কাঠামোর হাতে বেশি থাকে। ফলে পুলিশ, আমলাতন্ত্র ও অন্যান্য প্রতিষ্ঠানে যদি নির্দিষ্ট রাজনৈতিক মতাদর্শের প্রভাব বৃদ্ধি পায়, তাহলে সংখ্যালঘুদের জন্য পরিস্থিতি আরো কঠিন হয়ে উঠতে পারে। পশ্চিমবাংলায় মুসলমানদের সামনে আরেকটি বড়ো সংকট হিসেবে দেখা হচ্ছে পরিচয়ের প্রশ্নকে। একদিকে তারা বাঙালি, অন্যদিকে মুসলমান। দীর্ঘদিন এই দুই পরিচয়ের মধ্যে বড়ো কোনো দ্বন্দ্ব ছিল না, কিন্তু বর্তমান রাজনৈতিক বাস্তবতায় বাঙালি সংস্কৃতিকেও নতুনভাবে সংজ্ঞায়িত করার চেষ্টা চলছে বলে অভিযোগ উঠেছে। এর ফলে মুসলমানদেরকে আসল বাঙালি সংস্কৃতির বাইরে ঠেলে দেওয়ার প্রবণতা তৈরি হতে পারে বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা।

সংবাদ মাধ্যম এবং সামাজিক যোগাযোগ মাধ্যমের ভূমিকাও এখানে গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করা হচ্ছে। রাজনৈতিক প্রচারণায় গরু পাচার, সীমান্ত অপরাধ, জনসংখ্যা বৃদ্ধি কিংবা নিরাপত্তা ইসুর সঙ্গে মুসলমান পরিচয়কে জুড়ে দেওয়ার প্রবণতা সমাজে বিভাজন বাড়াচ্ছে বলে মত দেন পর্যবেক্ষকরা। ফলে মুসলমানদের ব্যক্তি পরিচয় নয় বরং একটি সমস্যা হিসেবে উপস্থাপন করা হচ্ছে বলে অভিযোগ রয়েছে। তবে পুরো পরিস্থিতিকে একেবারে একমুখীভাবে দেখার পক্ষেও নন অনেকে। পশ্চিমবাংলায় এখনো ভাষাভিত্তিক বাঙালি পরিচয় এবং নাগরিক সমাজের ভূমিকা যথেষ্ট শক্তিশালী বলেও মনে করেন তারা। মানবাধিকার সংগঠন, ছাত্র আন্দোলন, বুদ্ধিজীবী মহল এবং সাংস্কৃতিক অঙ্গনের একটি অংশ এখনও বহুত্ববাদী রাজনীতির পক্ষে সক্রিয় রয়েছেন। ফলে প্রকাশ্যে বৈষম্যমূলক নীতি বাস্তবায়ন সহজ হবে না বলেও মত রয়েছে। একইসঙ্গে, মুসলমানদের মধ্যেও রাজনৈতিক সচেতনতা বাড়ছে। তারা শুধু ধর্মীয় পরিচয়ের ভিত্তিতে নয়, নাগরিক অধিকার, শিক্ষা, কর্মসংস্থান ও সাংবিধানিক মর্যাদার প্রশ্নেও সংঘটিত হওয়ার চেষ্টা করছেন। তবে, পরিস্থিতি কোনদিকে যাবে, তা অনেকটা নির্ভর করবে ভারতের গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলো কতটা স্বাধীন ও কার্যকর থাকে, তার উপর। ভারতের সংবিধান এখনও ধর্মনিরপেক্ষতার নীতি ধারণ করে। আদালত, নির্বাচন কমিশন, সংবাদমাধ্যম ও

নাগরিক সমাজ পুরোপুরি নিষ্ক্রিয় হয়ে যায়নি। কিন্তু এসব প্রতিষ্ঠানের উপর রাজনৈতিক প্র ভাব বাড়তে থাকলে , সংখ্যালঘুদের নিরাপত্তা ও অধিকার আরো দুর্বল হয়ে পড়তে পারে। সব মিলিয়ে রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, পশ্চিমবাংলার মুসলমানদের সামনে একটি দীর্ঘমেয়াদি অনিশ্চয়তার সময় শুরু হয়েছে। ভোটাধিকার সংকোচন , রাজনৈতিক প্রতিনিধিত্বের দুর্বলতা, সাংস্কৃতিক পরিচয়ের উপর চাপ এবং অনুপ্রবেশকারী ইস্যুর রাজনীতি মিলিয়ে তারা ক্রমবর্ধমান নিরাপত্তাহীনতার মুখে পড়তে পারেন। এই পরিস্থিতি শুধু পশ্চিমবাংলার রাজনীতির প্রশ্ন নয় বরং ভারতের গণতন্ত্র কতটা বহুত্ববাদী এবং অন্তর্ভুক্তিমূলক থাকবে , সেই বৃহত্তর প্রশ্নের সঙ্গেও গভীরভাবে সম্পর্কিত বলে মনে করছেন সংশ্লিষ্টরা। (রেডিও তেহরান : ১১.০৫.২০২৬ রুবাইয়া/এলিনা)

## এনএইচকে

### যুক্তরাষ্ট্রের প্রস্তাবের প্রতি ইরানের জবাবকে অগ্রহণযোগ্য বলে অভিহিত করেছেন ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যুদ্ধ বন্ধের লক্ষ্যে শান্তি আলোচনার যুক্ত রাষ্ট্রের প্রস্তাবের বিষয়ে ইরানের দে ওয়া জবাবকে 'সম্পূর্ণ অগ্রহণযোগ্য' বলে অভিহিত করেছেন। ট্রাম্প রবিবার সামাজিক যোগাযোগ মাধ্যমে লিখেছেন , "আমি এইমাত্র ইরানের তথাকথিত 'প্রতিনিধিদের' জবাব পড়েছি। এটা আমার পছন্দ হয়নি , একেবারেই অগ্রহণযোগ্য।„ তিনি কোনো বিস্তারিত ব্যাখ্যা প্রদান করেননি। ট্রাম্প এর আগে বলেছিলেন যে , তিনি শুক্রবারের মধ্যে ইরানের কাছ থেকে জবাব পাওয়ার আশা করছিলেন , অন্যদিকে তেহরান জানিয়েছে যে , তারা কোনো সময়সীমা বা চরমপত্র নিয়ে চিন্তিত নয়। রবিবার , ইরানের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা জানিয়েছে যে , দেশটি মধ্যস্থতাকারী পাকিস্তানকে একটি জবাব পাঠিয়েছে। রাষ্ট্রীয় টেলিভিশন ও অন্যান্য মাধ্যমগুলো এই জবাবে বিশেষ করে লেবাননসহ সব রণাঙ্গনে যুদ্ধ বন্ধ করা এবং নৌচলাচলের নিরাপত্তা নিশ্চিত করার ওপর মনোনিবেশ করা হয়েছে বলে বর্ণনা করেছে। তবে , এর বিস্তারিত বিবরণ এখনও অস্পষ্ট। সিবিএস টেলিভিশন মার্কিন জ্বালানিমন্ত্রী ক্রিস রাইটের সাক্ষাৎকার নিয়েছে এবং ইরানের প্রতিক্রিয়ার বিষয়ে তাকে প্রশ্ন করা হয়েছে। রাইট বলেন , "তবে এর শেষ কোথায় হবে , তা আমরা জানি। যদিও সেখানে পৌঁছানোর পথটি আমাদের জানা নেই। „ এদিকে, ইরান উপসাগরীয় দেশগু লোতে হামলা অব্যাহত রেখেছে। সংযুক্ত আরব আমিরাতের প্রতিরক্ষা মন্ত্রণালয় রবিবার জানিয়েছে যে , তাদের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা ইরান থেকে পাঠানো দুটি ড্রোন প্রতিহত করেছে। কুয়েতের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের একজন মুখপাত্র জানিয়েছেন যে , রবিবার ভোরে দেশটির সশস্ত্র বাহিনী কুয়েতি "আকাশসীমার মধ্যে বেশ কিছু শত্রু ড্রোন শনাক্ত করেছে এবং নির্ধারিত কার্যপ্রণালি অনুযায়ী সেগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে।„ (এনএইচকে ওয়েব পেজঃ ১১.০৫.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### সীমান্তে কাঁটাতারের বেড়া দিতে ৪৫ দিনের মধ্যে জমি পাবে বিএসএফ : শুভেন্দু

বাংলাদেশের সঙ্গে আন্তর্জাতিক সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণের জন্য ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফকে ৪৫ দিনের মধ্যে জমি বুঝিয়ে দেবে পশ্চিমবঙ্গ রাজ্যের বিজেপি সরকার। টেলিগ্রাফ ইন্ডিয়াকে উদ্ধৃত করে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোর দেওয়া খবর অনুযায়ী, আজ সোমবার হাওড়ায় রাজ্য সচিবালয়ে নতুন সরকারের মন্ত্রিসভার প্রথম বৈঠকে এ ঘোষণা দেন রাজ্যের নতুন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বৈঠক শেষে শুভেন্দু অধিকারী বলেন, "৪৫ দিনের মধ্যে বিএসএফের কাছে প্রয়োজনীয় জমি বুঝিয়ে দেওয়া হবে। এ জন্য মুখ্যসচিব এবং ভূমি ও রাজস্ব সচিবকে দায়িত্ব দেওয়া হয়েছে।„ বাংলাদেশের সঙ্গে এখনো অরক্ষিত সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণের ইস্যুটি পশ্চিমবঙ্গের রাজনীতিতে বেশ আলোচিত ও বিতর্কিত একটি বিষয় হয়ে এতদিন ঝুলে ছিল। এবারের বিধানসভা নির্বাচনের প্রচারেও বিজেপি ইস্যুটি নিয়ে সরব ছিল। মমতা বন্দোপাধ্যায়ের নেতৃত্বাধীন তৃণমূল কংগ্রেসের ১৫ বছরের সরকারকে হটিয়ে পশ্চিমবঙ্গে নতুন সরকার গড়েছে হিন্দুত্ববাদী ভারতীয় জনতা পার্টি (বিজেপি) মুখ্যমন্ত্রী হয়েছেন মমতার এক সময়ের ঘনিষ্ঠ সহযোগী শুভেন্দু। সরকার গড়ে নতুন মন্ত্রিসভার প্রথম বৈঠকেই সীমান্তে বিএসএফকে জমি দেওয়ার ঘোষণা দিলেন তিনি। এর আগে, চলতি বছরের জানুয়ারিতে কলকাতা হাইকোর্ট মমতা বন্দোপাধ্যায়ের রাজ্য সরকারকে সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণের জন্য নয়টি জেলায় বিএসএফকে জমি হস্তান্তরের নির্দেশ দিয়েছিলেন। এজন্য ৩১ মার্চ পর্যন্ত সময়সীমা বেঁধে দিয়েছিলেন আদালত। (ডয়চে ভেলে ওয়েব পেজঃ ১১.০৫ ২০২৬ রনি)

## বাংলাদেশে হামে মৃতের সংখ্যা ৪০০ ছাড়ালো

আরো ১১ জন শিশুর মৃত্যু হওয়ায়, বাংলাদেশে হামে এবং হামের উপসর্গ নিয়ে মৃতের সংখ্যা ৪০৯ জনে দাঁড়িয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের দেওয়া এ তথ্য জানিয়েছে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলো। হামের সংক্রমণ ও মৃত্যু ঠেকাতে সরকার দেশজুড়ে টিকার ক্যাম্পেইন শুরু করেছে। তবে, সব শিশু টিকার আওতায় আসছে না বলে প্রথম আলোর এক প্রতিবেদনে বলা হয়েছে। ইউনিসেফের দেওয়া তথ্য পেয়ে ঢাকা ও ঢাকার বাইরে যাচাই করে এমন চিত্র পাওয়ার কথা জানিয়েছে তারা। প্রতিবেদনে বলা হয়, টিকাদান পরিস্থিতি দ্রুত যাচাই পদ্ধতি (আরসিএম) থেকে ইউনিসেফ বলছে, এখনো শহর এলাকায় ৩০ থেকে ৪০ শতাংশ এবং গ্রাম এলাকায় ১৫ শতাংশ শিশু টিকা পায়নি। গত ৫ এপ্রিল দেশের ১৮টি জেলার ৩০টি উচ্চ ঝুঁকিপূর্ণ উপজেলায় টিকা দেওয়া শুরু হয়। ১২ এপ্রিল ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর, ময়মনসিংহ ও বরিশাল সিটি করপোরেশন এলাকায় টিকা দেওয়া শুরু হয়। ২০ এপ্রিল থেকে সারা দেশের শহরে ও নগরে টিকা দেওয়া শুরু হয়, চলবে ২০ মে পর্যন্ত। টিকাদান পরিস্থিতি দ্রুত যাচাই পদ্ধতি (আরসিএম) থেকে ইউনিসেফ বলছে, এখনো শহর এলাকায় ৩০ থেকে ৪০ শতাংশ এবং গ্রাম এলাকায় ১৫ শতাংশ শিশু টিকা পায়নি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১১.০৫ ২০২৬ রনি)

## যে কারণে যুক্তরাষ্ট্রের প্রস্তাব প্রত্যাখ্যান করলো ইরান

রাষ্ট্রীয় সংবাদমাধ্যমের খবরে যুদ্ধ অবসানে যুক্তরাষ্ট্রের প্রস্তাবকে `আত্মসমর্পণে বাধ্য করার প্রচেষ্টা, হিসেবে বর্ণনা করে জানানো হয়, ইরান এ প্রস্তাব প্রত্যাখ্যান করেছে। গতকাল রবিবার গভীর রাতে প্রেস টিভি জানায়, যুক্তরাষ্ট্রের প্রস্তাবটি মেনে নেওয়া মানে ডোনাল্ড ট্রাম্পের `অতিরিক্ত দাবিগুলোর, কাছে নতি স্বীকার করা। এর আগে, ইরানের পাল্টা প্রস্তাবকে `পুরোপুরি অগ্রহণযোগ্য, আখ্যা দিয়ে প্রত্যাখ্যান করেন ট্রাম্প। সেই প্রস্তাবে সব ফ্রন্টে যুদ্ধের অবসান এবং যুক্তরাষ্ট্রকে যুদ্ধের ক্ষতিপূরণ দেওয়ার আহ্বান জানানো হয়েছিল। প্রেস টিভি আরো জানায়, হরমুজ প্রণালির ওপর ইরানের পূর্ণ সার্বভৌমত্বের স্বীকৃতি, ইরানের ওপর যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা প্রত্যাহার এবং জব্দ করা ইরানি সম্পদ মুক্ত করার দাবির কথাও রয়েছে সেই প্রস্তাবে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১১.০৫ ২০২৬ রনি)

## ৬ মামলায় জামিন পেলেন সাংবাদিক ফারজানা রুপা, ৫ মামলায় শাকিল আহমেদ

জুলাইয়ের গণ-অভ্যুত্থানের ঘটনার প্রেক্ষিতে দায়ের করা মামলাগুলোর মধ্যে ছয়টিতে অন্তর্বর্তীকালীন জামিন পেয়েছেন জ্যেষ্ঠ সাংবাদিক ফারজানা রুপা। তার স্বামী এবং জ্যেষ্ঠ সাংবাদিক শাকিল আহমেদকেও পাঁচটি মামলায় অন্তর্বর্তীকালীন জামিন দিয়েছেন হাইকোর্ট। এ ছাড়া, আদালত আলাদা রুল জারি করে রাষ্ট্রপক্ষের কাছে ব্যাখ্যা চেয়েছেন যে, কেন এই মামলাগুলোতে তাদের স্থায়ী জামিন দেওয়া হবে না। তবে, অন্য একটি মামলায় আদালত তাদের জামিন নামঞ্জুর করেছেন এবং ওই মামলায় কেন শাকিল ও রুপাকে জামিন দেওয়া হবে না, রাষ্ট্রপক্ষের কাছে তা জানতে চেয়ে দুটি পৃথক রুল জারি করেছেন। ফলে এই সাংবাদিক দম্পতি কারাগার থেকে এখন মুক্তি পাচ্ছেন না। শাকিল ও রুপার দায়ের করা ১৩টি জামিন আবেদনের প্রেক্ষিতে বিচারপতি কে এম জাহিদ সারওয়ার এবং বিচারপতি শেখ আবু তাহেরের সমন্বয়ে গঠিত বেঞ্চ আজ সোমবার এ অন্তর্বর্তী জামিনের আদেশ দেন এবং রুল জারি করেন। মামলার নথিপত্র অনুযায়ী, ২০২৪ সালের ৩১ আগস্ট আদাবর থানায় দায়ের করা পোশাক শ্রমিক রুবেল হত্যা মামলায় ঢাকার একটি আদালত এই দম্পতিকে কারাগারে পাঠান। ওই বছরের ২১ আগস্ট ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তাদের গ্রেফতার করা হয়। একদিন পর উত্তরা পূর্ব থানায় ফজলুল করিমের মৃত্যুতে দায়ের করা হত্যা মামলায় আদালত তাদের চারদিনের রিমান্ডে পাঠান। ২৬ আগস্ট রুবেল হত্যা মামলায় তাদের আবারও পাঁচদিনের রিমান্ডে নেওয়া হয়। আবেদনকারীদের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার জ্যোতির্ময় বড়ুয়া, আর রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল আশিকুজ্জামান নজরুল এবং সহকারী অ্যাটর্নি জেনারেল মো. আল আমিন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১১.০৫ ২০২৬ রনি)

## সংখ্যালঘুদের ওপর নির্যাতন সহ্য করবো না : ধর্মমন্ত্রী

সংখ্যালঘুদের ওপর যে-কোনো ধরনের অত্যাচারের বিরুদ্ধে কঠোর অবস্থানের কথা জানিয়েছেন ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন (কায়কোবাদ)। তিনি বলেছেন, প্রয়োজনে মন্ত্রিত্ব ছেড়ে দেবেন, কিন্তু বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর, অন্য ধর্মাবলম্বীরদের ওপর অত্যাচার -জলুম-নির্যাতন সহ্য করবেন না। সচিবালয় বিটে কর্মরত সাংবাদিকদের সংগঠন বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম (বিএসআরএফ)-এর সংলাপে ধর্মমন্ত্রী এ কথা বলেন। এক প্রশ্নের জবাবে কাজী শাহ মোফাজ্জাল হোসাইন বলেন, ভারত বিশাল দেশ। তাদের তিনি শ্রদ্ধা করেন। এ জন্য যে, তারা গণতন্ত্রকে লালন করে। তবে আরো বেশি শ্রদ্ধা করবেন, তারা যদি সংখ্যালঘুদের আপন করে নেয়, নিরাপত্তা দেয়। তাদের জনগণের একটা অংশ হিসেবে মনে করে সব ব্যবস্থা নেয়। ধর্মমন্ত্রী বলেন, ”তবে আমি একটা কথা বলি, ভারতে কী হচ্ছে, এটা বড়ো জিনিস নয়, ভারতে ঘটছে বলে বাংলাদেশে ঘটবে- এমনটা হতে দেওয়া হবে না।

প্রয়োজনবোধে মন্ত্রিত্ব ছেড়ে দেবো, কিন্তু এখানে সংখ্যালঘুদের ওপর, কোনো অন্য ধর্মাবলম্বীদের ওপর অত্যাচার, জলুম, নির্যাতান সহ্য করবো না।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১১.০৫ ২০২৬ রনি)

# জাগো নিউজ

## অপরাধীর পরিচয় কেবলই অপরাধী, রাজনৈতিক পরিচয় নয়: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, কারো রাজনৈতিক পরিচয় বা প্রভাবশালী অবস্থান দেখে আইন -শৃঙ্খলা বাহিনীকে থেমে গেলে চলবে না। যে অপরাধী, তাকে অপরাধী হিসেবেই বিবেচনা করতে হবে। তিনি বলেন, "আপনারা আইনের লোক, কোনো বিশেষ দলের নন। কারো রাজনৈতিক পরিচয় বা প্রভাবশালী পরিচয় দেখে থমকে যাবেন না। যে অপরাধী, তাকে অপরাধী হিসেবেই গণ্য করবেন। „ সোমবার (১১ মে) সকালে রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে পুলিশ সপ্তাহ-২০২৬ উপলক্ষ্যে আয়োজিত ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের সম্মেলনে তিনি এসব কথা বলেন। দুর্নীতি, সন্ত্রাস ও দুঃশাসনের বিরুদ্ধে বর্তমান সরকার আপোশহীন উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, একটি নিরাপদ ও মানবিক বাংলাদেশ গড়তে হলে আইন -শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং জনগণের নিরাপত্তা নিশ্চিত করাই হবে প্রথম কাজ। পুলিশ কর্মকর্তাদের উদ্দেশ্যে তিনি বলেন, প্রশাসনের প্রতিটি পদই গুরুত্বপূর্ণ। শুধুমাত্র পদোন্নতি বা পছন্দের জায়গায় পদায়নের জন্য তদবির করা পেশাদারিত্বের সঙ্গে আপোশ করার নামান্তর। তিনি বলেন, "হয়ত চাহিদামতো পোস্টিং পেলে আপনি সাময়িকভাবে তুষ্ট হবেন, কিন্তু এটি আপনার পেশাদারিত্বের ক্ষতি করে। যার যেখানে দায়িত্ব অর্পিত হয়েছে, সেখানেই গুরুত্বের সঙ্গে কাজ করুন। „ তিনি স্মরণ করিয়ে দেন, সরকার যেমন পাঁচ বছরের জন্য নির্বাচিত, তেমনি প্রশাসনের কোনো পদই কারো জন্য চিরস্থা য়ী নয়। প্রযুক্তিগত উন্নয়নের সঙ্গে সঙ্গে অপরাধের ধরন পাল্টে যাওয়ার বিষয়টি উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, বর্তমানে পুলিশিং আর কেবল শহর বা জেলার গণ্ডিতে সীমাবদ্ধ নেই। `ট্রান্সন্যাশনাল অর্গানাইজড ক্রাইম (আন্তর্জাতিক সংঘবদ্ধ অপরাধ), এখন বড়ো বাস্তবতা। কয়েক দশক আগের তুলনায় বর্তমানের চ্যালেঞ্জ অনেক বেশি বিস্তৃত। তাই প্রতিটি পুলিশ কর্মকর্তাকে আধুনিক প্রযুক্তিতে দক্ষ এবং বহুমুখী প্রতিভার অধিকারী হতে হবে। সময়ের এই দাবি পূরণ করতে না পারলে অপরাধ নিয়ন্ত্রণ অসম্ভব হয়ে পড়বে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## উচ্চশিক্ষার জাতীয় কর্মশালা মঙ্গলবার, উদ্‌বোধন করবেন প্রধানমন্ত্রী

দেশের উচ্চশিক্ষা রূপান্তরে জাতীয় কর্মশালার আয়োজন করতে যাচ্ছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। মঙ্গলবার (১২ মে) ঢাকা বিশ্ববিদ্যালয়ে দিনব্যাপী এ কর্মশালা অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী তারেক রহমান প্রধান অতিথি হিসেবে এর উদ্‌বোধন করবেন। ইউজিসি সূত্র জানায়, দেশের উচ্চ শিক্ষাব্যবস্থাকে সময়োপযোগী, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই রূপান্তরের লক্ষ্যে এ কর্মশালার আয়োজন করা হচ্ছে। `ট্রান্সফর্মিং হাইয়ার এডুকেশন ইন বাংলাদেশ : রোডম্যাপ টু সাসটেইনেবল এক্সিলেন্সি, শীর্ষক কর্মশালা ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হবে। কর্মশালার উদ্‌বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এছাড়া, সরকারের নীতি-নির্ধারক, ইউজিসির সদস্য, বিভিন্ন সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, শিক্ষক, গবেষক, শিল্পখাতের প্রতিনিধি এবং উন্নয়ন-সংশ্লিষ্ট অংশীজনরা অংশ নেবেন। উদ্‌বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি থাকবেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন এবং প্রধানমন্ত্রীর শিক্ষাবিষয়ক উপদেষ্টা ড. মাহদী আমিন। সভাপতিত্ব করবেন ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## গর্ভের সন্তান ছেলে, না মেয়ে, তা প্রকাশ করা যাবে না

মাতৃগর্ভে থাকা ভ্রূণের লিঙ্গ নির্ধারণ, লিঙ্গ শনাক্ত ও পরিচয় প্রকাশের অনৈতিক চর্চা বন্ধে রায় দিয়েছেন হাইকোর্ট। এখন থেকে গর্ভের সন্তান ছেলে না মেয়ে, তা আর প্রকাশ করা যাবে না বলে উচ্চ আদালত নির্দেশ দিয়েছেন। জাগো নিউজকে রায় প্রকাশের বিষয়টি নিশ্চিত করেন রিটকারী আইনজীবী অ্যাডভোকেট ইশরাত হাসান। সোমবার (১১ মে) হাইকোর্টের সংশ্লিষ্ট বেঞ্চের বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি কাজী জিনাত হকের সমন্বয়ে গঠিত বেঞ্চের দেওয়া রায়ের পূর্ণাঙ্গ অনুলিপি প্রকাশ করা হয়। এর আগে, ২০২৪ সালের ২৫ ফেব্রুয়ারি আদালত সংক্ষিপ্ত রায় ঘোষণা করেছিলেন। হাইকোর্টের এই রায়কে ঐতিহাসিক বলে মনে করেন রিটকারী আইনজীবী ইশরাত হাসান। রায়ে আদালত বলেন, অনাগত শিশুর লিঙ্গ নির্ধারণ ও প্রকাশ নারীর প্রতি বৈষম্যকে উৎসাহিত করে, কন্যাশিশু হত্যার প্রবণতা বাড়ায়, সামাজিক ভারসাম্য নষ্ট করে এবং সাংবিধানিক অধিকারের পরিপন্থি। আদালতের পর্যবেক্ষণে বলা হয়, এ ধরনের চর্চা নারীর মর্যাদা, সমতা ও জীবনের অধিকারের বিরুদ্ধে যায়। একইসঙ্গে এটি আন্তর্জাতিক মানবাধিকার বাধ্যবাধকতারও লঙ্ঘন। হাইকোর্ট আরও বলেন, বাংলাদেশে এ বিষয়ে দীর্ঘদিন কার্যকর নিয়ন্ত্রণ, মনিটরিং ও জবাবদিহিমূলক ব্যবস্থা অনুপস্থিত ছিল। শুধু একটি গাইডলাইন প্রণয়ন করলেই দায়িত্ব শেষ হয় না। বাস্তবায়নযোগ্য নীতিমালা, ডিজিটাল নজরদারি এবং কার্যকর নিয়ন্ত্রণ ব্যবস্থা ছাড়া ভ্রূণের লিঙ্গ নির্ধারণ ও প্রকাশের মতো অনৈতিক কার্যক্রম বন্ধ করা সম্ভব নয়। এর আগে, মায়ের গর্ভে থাকা শিশুর লিঙ্গ শনাক্ত ও পরিচয় প্রকাশ করা যাবে না বলে

রায় দিয়েছেন হাইকোর্ট। গর্ভের শিশুর লিঙ্গ পরিচয় রোধে নীতিমালা বা নির্দেশনা তৈরি করতে বিবাদীদের ব্যর্থতা কেন অবৈধ ও আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষ ণা করা হবে না , তা জানতে চেয়ে জারি রুলের চূড়ান্ত শুনানি শেষে এ রায় দেন আদালত। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## পুলিশের জন্য এখনই এভিয়েশন ইউনিট নয়: স্বরাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশ পুলিশের জন্য আলাদা এভিয়েশন পুলিশ বা এভিয়েশন সার্ভিস গঠনকে এই মুহূর্তে সুবি বেচিত মনে করছেন না স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমদ। তিনি বলেন , আগে বিদ্যমান সক্ষমতা ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থার উন্নয়ন জরুরি। সোমবার (১১ মে) রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কা র্যালয়ের শাপলা হলে পুলিশ সপ্তাহ -২০২৬ উপলক্ষ্যে আয়োজিত ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদে র সম্মেলনে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বিগত সরকারের সময় পুলিশের জন্য রাশিয়া থেকে দুটি হেলিকপ্টার কেনা হলেও , আন্তর্জাতিক নিষেধাজ্ঞা ও অর্থ লেনদেন জটিলতার কারণে সেগুলো এখনো দেশে পৌঁছেনি। তবে , সংশ্লিষ্ট দেশের ক্লিয়ারেন্স পাওয়া গেছে এবং শিগ্গির সরবরাহ পাওয়া যেতে পারে। তিনি বলেন, আমরা এখনো হেলিকপ্টার পাইনি। এমআই-১৭ কি পুলিশ এখন মেইনটেইন করতে পারবে? যেটা মেইনটেইন করতে পারবে, সেরকম অর্গানাইজেশনের জন্য হলে অসুবিধা নেই। হেলিকপ্টারগুলো হাতে পাওয়ার পর সেনাবাহিনীর সহায়তায় রক্ষণাবেক্ষণ কার্যক্রম পরিচালনা র পরিকল্পনার কথাও জানান মন্ত্রী। প্রয়োজনে প্রয়োজনীয় আকারের হেলিকপ্টার বিভাগীয় সমন্বয়ের মাধ্যমে এক্সচেঞ্জ করা হতে পারে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## সাংবাদিক দম্পতি শাকিল ও ফারজানা রুপার জামিন

সাংবাদিক শাকিল আহমেদ ও তার স্ত্রী ফারজানা রুপার জামিন মঞ্জুর করে আদেশ দিয়েছেন হাইকোর্ট। ফারজানা রুপাকে ৬টি মামলায় এবং শাকিল আহমেদকে ৫টি মামলায় জামিন দিয়েছেন আদালত। এছাড়া , এক মামলায় জামিনের বিষয়ে রুল জারি করেছেন আদালত। এ সংক্রান্ত বিষয়ে পৃথক পৃথক আবেদন শুনানি নিয়ে সোমবার (১১ মে) হাইকোর্টের বিচারপতি কে এম জাহিদ সরওয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই আদেশ দেন। তারা পৃথক ১৩টি জামিন আবেদন করেছিলেন। এর মধ্যে রুপার আট মামলা এবং শাকিলের রয়েছে পাঁচ মামলা। সব মামলায় জামিন না হওয়ায় , তারা এখনই কারামুক্ত হচ্ছেন না বলে জানিয়েছেন আইনজীবীরা। শাকিল আহমেদ বার্তা প্রধান হিসেবে ও ফারজানা রুপা প্রধান প্রতিবেদক হিসেবে একাত্তর টেলিভিশনে কাজ করছিলেন। ২০২৪ সালে আওয়ামী লীগ সরকারের পতনের পর , ৮ আগস্ট তাদের দায়িত্ব থেকে সরিয়ে দেয় একাত্তর টেলিভিশন কর্তৃপক্ষ। ২১ আগস্ট তাদের ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে আট ক করে পুলিশ। সেদিন তারা টার্কিশ এয়ারলাইনসে প্যারিসে যাওয়ার উদ্দেশ্যে বিমানবন্দরে গিয়েছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## টিসিবির আগের তালিকায় প্রায় ৫৯ লাখের তথ্য প্রশ্নবিদ্ধ ছিল

টিসিবির আগের তালিকায় অন্তর্ভুক্ত এক কোটি উপকারভোগীর মধ্যে প্রায় ৫৯ লাখের তথ্য প্রশ্নবিদ্ধ ছিল বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। তিনি বলেন , যাচাই-বাছাইয়ের মাধ্যমে বর্তমানে স্বচ্ছ ও গ্রহণযোগ্য পদ্ধতিতে ৮০ লাখ প্রকৃত উপকারভোগী নির্বাচন করা হয়েছে। পর্যায়ক্রমে আরও ২০ লাখ পরিবারকে অন্তর্ভুক্ত করা হবে। সোমবার (১১ মে) ঢাকার আগারগাঁওয়ে পবিত্র ঈদুল আজহা -২০২৬ উপলক্ষ্যে ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশ (টিসিবি)-এর ট্রাক সেল কার্যক্রমের উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। আসন্ন ঈদে টিসিবির বরাদ্দ বাড়ানো হচ্ছে জানিয়ে বাণিজ্যমন্ত্রী বলেন , গত রমজানে প্রায় ২ কোটি ২৮ লাখ উপকারভোগীর কাছে ভর্তুকি মূল্যে খাদ্যপণ্য পৌঁছে দেওয়া হয়েছিল। এবার সেই সংখ্যা বাড়িয়ে প্রায় ২ কোটি ৮৮ লাখে উন্নীত করা হচ্ছে। একইভাবে গত বছরের ঈদুল আজহায় যেখানে প্রায় ১০ হাজার ৯০০ টন খাদ্যপণ্য সরবরাহ করা হয়েছিল, এবার তা বাড়িয়ে প্রায় ১৪ হাজার টনে উন্নীত করা হয়েছে , যা প্রায় ৪০ শতাংশ বেশি। মন্ত্রী বলেন, ”দেশের যে-কোনো বিশেষ পরিস্থিতি, উৎসব বা বাজারে অস্বাভাবিক চাপের সময় সরকার প্রয়োজন অনুযায়ী টিসিবির ট্রাক সেল কার্যক্রম চালু করবে। জনগণের খাদ্যনিরাপত্তা নিশ্চিত করতে সরকার সর্বদা প্রস্তুত।„
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## ৺ছাগল কাণ্ডে, আলোচিত মতিউরের মামলার অভিযোগ গঠন শুনানি জুলাইয়ে

জ্ঞাত আয় -বহির্ভূত সম্পদ অর্জনের মামলায় জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সাবেক সদস্য মতিউর রহমানের বিরুদ্ধে অভিযোগ গঠন শুনানি পিছিয়ে আগামী ৫ জুলাই দিন ধার্য করেছে ন আদালত। সোমবার (১১ মে) ঢাকার বিভাগীয় স্পেশাল জজ আদালতের বিচারক বেগম শামীমা আফরোজ এ আদেশ দেন। এদিন মামলাটির অভিযোগ গঠন শুনানির জন্য দিন নির্ধারিত থাকলেও, আসামিপক্ষ সময়ের আবেদন করলে আদালত তা মঞ্জুর করেন। আদালতে মতিউর রহমানের পক্ষে শুনানিতে অংশ নেন ঢাকা আইন জীবী সমিতির সভাপতি আনোয়ার জাহিদ ভুঁইয়া, আইনজীবী মো. বোরহান উদ্দিনসহ আরও কয়েকজন আইনজীবী। বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন , দুর্নীতি দমন কমিশনের (দুদক) আইনজীবী মীর আহমেদ আলী সালাম। দুদকের অভিযোগপত্রে বলা হয়েছে, মতিউর রহমান তার সম্পদ বিবরণীতে ১ কোটি ২৪ লাখ ২৫ হাজার ২১১ টাকার সম্পদের তথ্য গোপন করেছেন। একইসঙ্গে , সরকারি ক্ষমতার অপব্যবহার, ঘুস গ্রহণ ও দুর্নীতির মাধ্যমে ৫ কোটি ৪০ লাখ ৯৭ হাজার ৬৭২ টাকার জ্ঞাত আয় -বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগ আনা হয়েছে তার বিরুদ্ধে। ২০২৪ সালে কোরবানির জন্য ১৫ লাখ টাকা মূল্যের একটি ছাগল কেনাকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগমাধ্যমে আলোচনায় আসেন মুশফিকুর রহমান ইফাত নামে এক যুবক। পরে বিভিন্ন মাধ্যমে দাবি ওঠে , তিনি মতিউর রহমানের ছেলে। সেই ঘটনার পর থেকেই মতিউর রহমান ও তার পরিবারের সম্পদ নিয়ে ব্যাপক আলোচনা শুরু হয়। এরপর ২০২৪ সালের ৪ জুন মতিউর রহমান ও তার পরিবারের সদস্যদের বিরুদ্ধে অনুসন্ধান শুরু করে দুদক। অনুসন্ধানে তাদের নামে ৬৫ বিঘা জমি, আটটি ফ্ল্যাট, দুটি রিসোর্ট ও পিকনিক স্পট, এবং তিনটি শিল্প প্রতিষ্ঠানের তথ্য পায় সংস্থাটি। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## এবার পদত্যাগ করলেন ঢাবির সহকারী প্রক্টর মোনামি

এবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর পদ থেকে আনুষ্ঠানিকভাবে পদত্যাগ করেছেন সহকারী অধ্যাপক শেহরীন আমিন ভুঁইয়া ওরফে মোনামি। সোমবার (১১ মে) সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে তিনি এ তথ্য জানান। এর আগে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প দ থেকে পদত্যাগ করেন সাইফুদ্দীন আহমদ। পরে মো . ইসরাফিল রতনকে ভারপ্রাপ্ত প্রক্টর হিসেবে নিয়োগ দেওয়া হয়। নিজের পোস্টে শেহরীন আমিন ভুঁইয়া লেখেন , ”আমি আনুষ্ঠানিকভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর পদ থেকে পদত্যাগ করেছি।„
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## পাকিস্তানে ফ্রি পড়াশোনার সুযোগ পাওয়া বাংলাদেশিদের বড়ো সম্ভাবনা

বাংলাদেশি শিক্ষার্থীদের উদ্দেশ্যে শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড . আ ন ম এহছানুল হক মিলন বলেছেন , পাকিস্তানে বিনা খরচে পড়াশোনার সুযোগ পাওয়া একটি বড়ো সম্ভাবনা। সেখানে পড়াশোনার পাশাপাশি , শিক্ষার্থীরা নতুন অভিজ্ঞতা ও সাংস্কৃতিক পরিবেশের সঙ্গেও পরিচিত হওয়ার সুযোগ পাবে। এ সম্ভাবনা কাজে লাগানোর সুযোগ রয়েছে। সোমবার (১১ মে) রাজধানীর রেডিসন ব্লু হোটেলে আয়োজিত ৺পাকিস্তান এডুকেশন এক্সপো -২০২৬,-এর উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে শিক্ষা সহযোগিতা সম্প্রসারণে জোর দিয়ে শিক্ষামন্ত্রী বলেন, দুই দেশের বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষার্থী -শিক্ষক বিনিময়, যৌথ গবেষণা এবং বৃত্তি কার্যক্রম চালু হলে পারস্পরিক সম্পর্ক আরও শক্তিশালী হবে। মন্ত্রী বলেন, ভবিষ্যতে দুই দেশের মধ্যে শিক্ষার্থী -শিক্ষক বিনিময় কর্মসূচি , যৌথ গবেষণা এবং পারস্পরিক বৃত্তি কার্যক্রম চালুর সুযোগ রয়েছে। বাংলাদেশে বর্তমানে ৫৭টি পাবলিক বিশ্ববিদ্যালয় ও ১১৬টির মতো বেসরকারি বিশ্ববিদ্যালয় রয়েছে। এসব বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমও মানসম্মত। তবে শিক্ষা র্থী ও শিক্ষক বিনিময় কর্মসূচি দুই দেশের শিক্ষা সম্পর্ক আরও শক্তিশালী করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## এক মামলায় ব্যারিস্টার সুমনের জামিন আপিলে বহাল

জুলাই গণ-অভ্যুত্থানের সময় রাজধানীর মিরপুর থানায় করা মামলায় সাবেক সংসদ সদস্য ব্যারিস্টার সৈয়দ ছায়েদুল হক সুমনের জামিন বহাল রেখেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। একইসঙ্গে জামিনের বিষয়ে হাইকোর্টের জারি করা রুল নিষ্পত্তি করতে বলা হয়েছে। সোমবার (১১ মে) সুপ্রিম কোর্টের বিচারপতি মো. আশফাকুল ইসলামের নেতৃত্বাধীন আপিল বিভাগের বেঞ্চ এ আ দেশ দেন। আদালতে সুমনের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী মো . মনসুরুল হক চৌধুরী, সঙ্গে ছিলেন আইনজীবী লিটন আহমেদ। রাষ্ট্রপক্ষে শুনানিতে ছিলেন অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল অনীক আর হক। সুমনের আইনজীবী লিটন আহমেদ জানান, ”তার বিরুদ্ধে মোট সাতটি মামলা ছিল। আজ একটি মামলায় জামিন পেলেন। এখন তার বিরুদ্ধে আরও ছয়টি মামলা থাকায় এখনই কারামুক্তির কোনো সুযোগ নেই। „ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে গুলি করে হত্যাচেষ্টার অভিযোগ এনে ২০২৪ সালের ২৩ সেপ্টেম্বর মিরপুর মডেল থানায় ওই মামলাটি করেন হৃদয় মিয়া। মামলার বাদী হৃদয় মিয়া হবিগঞ্জের মা ধবপুর ১০ নম্বর হাতিয়াইন ইউনিয়ন যুবদলের জ্যেষ্ঠ সহ -

সভাপতি। সুমন জাতীয় সংসদ নির্বাচনে হবিগঞ্জ -৪ (চুনারুঘাট-মাধবপুর) আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করে বিজয়ী হয়েছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## মধ্যরাতে মিয়ানমারে ভূমিকম্প, কাঁপলো বাংলাদেশও

মধ্যরাতে হঠাৎ ভূমিকম্পে কেঁপে উঠল মিয়ানমার। সেই কম্পন অনুভূত হয়েছে বাংলাদেশেও। রোববার (১০ মে) বাংলাদেশ সময় দিনগত রাত ১টা ৩৬ মিনিটে অনুভূত এই ভূ-কম্পন। মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা (ইউএসজিএস) জানিয়েছে, ভূমিকম্পটির উৎপত্তিস্থল ছিল মিয়ানমারের ইয়েনাংইয়াউং শহর থেকে ৭৪ কিলোমিটার পশ্চিমে। কেন্দ্র ছিল ভূ-পৃষ্ঠ থেকে প্রায় ৫৯ কিলোমিটার গভীরে। রিখটার স্কেলে ভূমিকম্পটির মাত্রা ছিল পাঁচ। এর মৃদু প্রভাব অনুভূত হয়েছে বাংলাদেশের চট্টগ্রাম অঞ্চলেও। চট্টগ্রাম থেকে মিয়ানমারের ইয়েনাংইয়াউং শহরটি প্রায় ৩৮০ কিলোমিটার দূরে অবস্থিত। এ বিষয়ে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর চট্টগ্রামের উপ-পরিচালক মো. আব্দুর রহমান খান জাগো নিউজকে বলেন, ভূমিকম্প হয়েছে মূলত মিয়ানমারে। চট্টগ্রামে সেটি কয়েক সেকেন্ড অনুভূত হয়েছে। এতে এখন পর্যন্ত কোনো ধরনের ক্ষয়ক্ষতির খবর আমাদের কাছে আসেনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## পুলিশের সব পর্যায়ে বডিওর্ন ক্যামেরা থাকবে, যেন রেকর্ডেড থাকে: স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমদ বলেছেন, ভবিষ্যতে পুলিশের সব পর্যায়ে বডিওর্ন ক্যামেরা ব্যবহার করা হবে। যেন সব বিষয় রেকর্ডেড রাখতে পারি। তদন্ত, অপারেশন, সব কার্যক্রমে ব্যবস্থা নেবো। সোমবার (১১ মে) রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে পুলিশ সপ্তাহ-২০২৬ উপলক্ষ্যে আয়োজিত ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের সম্মেলনে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশ পুলিশের অপারেশনাল কার্যক্রম, ট্রাফিক ব্যবস্থাপনা এবং অন্যান্য কাজে স্বচ্ছতা বাড়াতে বডিওর্ন ক্যামেরার ব্যবহার আমরা বাড়াতে যাচ্ছি। কিছু বডিওর্ন ক্যামেরা আমাদের আছে। ভবিষ্যতে সব পর্যায়ে যেন বডিওর্ন ক্যামেরা ব্যবহার করে তদন্ত, অপারেশন, সব কার্যক্রম, সব বিষয় রেকর্ডেড রাখতে পারি, সেজন্য ব্যবস্থা নেবো। তিনি বলেন, জাতিসংঘের মানদণ্ড অনুযায়ী, ন্যূনতম বলপ্রয়োগ নীতির বিষয়ে পুলিশ সদস্যদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এক্ষেত্রে, আপনারা সবাই দক্ষ পেশাদার পুলিশ অফিসার। আপনাদের স্মরণ রাখতে হবে, মানবাধিকারের বিষয়টি এখন অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু, তাই বলে আপনারা অপরাধ কার্যক্রম বন্ধ করতে গেলে বা কমাতে গেলে বা প্রসিকিউশন টিমকে সহযোগিতা করতে গেলে তদন্ত কার্যক্রম যেন সুষ্ঠুরূপে পরিচালিত হয়, সেজন্য আপনারা কৌশলে যা যা করতে হয়, সেরকম মানবাধিকারকে সমুন্নত রেখে সব কার্যক্রম পরিচালনা করবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## `পুরো শরীরে এমনভাবে গুলি করবো, পরিবার গুনতেও পারবে না,

চট্টগ্রামে বিপ্লব দে পার্থ (৩৩) নামে এক সাংবাদিকের কাছে ৫০ লাখ টাকা চাঁদা দাবির অভিযোগ উঠেছে। টাকা না দিলে ২৪ ঘণ্টার মধ্যে গুলি করে হত্যার হুমকিও দেওয়া হয়েছে বলে অভিযোগ করেন তিনি। এই সাংবাদিক জানান, তাকে পাঠানো এক অডিওবার্তায় হুমকিদাতা বলেছেন, পুরো শরীরে এমনভাবে গুলি করা হবে, পরিবার গণনাও করতে পারবে না, যা করার আগামী ২৪ ঘণ্টার মধ্যে করতে হবে। শনিবার (৯ মে) এ ঘটনায় নগরের কোতোয়ালি থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেছেন ভুক্তভোগী সাংবাদিক। বিপ্লব দে পার্থ একটি বেসরকারি টেলিভিশনের চট্টগ্রাম কার্যালয়ে জ্যেষ্ঠ প্রতিবেদক হিসেবে কর্মরত। পাশাপাশি, তিনি জন্মাষ্টমী উদ্‌যাপন পরিষদের কেন্দ্রীয় কমিটির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করছেন। অভিযোগ রয়েছে, অভিযুক্ত মোবারক হোসেন ইমন বিদেশে পলাতক সন্ত্রাসী সাজ্জাদ আলী ওরফে বড়ো সাজ্জাদের সহযোগী হিসেবে পরিচিত। জিডিতে উল্লেখ করা হয়, শনিবার বিকেল ৪টা ৫২ মিনিটে কোতোয়ালির কাজীর দেউড়ি এলাকায় অবস্থানকালে বিপ্লব দে পার্থের ব্যবহৃত হোয়াটসঅ্যাপে একটি বিদেশি নম্বর থেকে কল আসে। কল রিসিভ করলে অন্য প্রান্তের ব্যক্তি নিজেকে বড়ো সাজ্জাদের ছোটো ভাই ডেভিড ইমন পরিচয় দেন। এ সময় তিনি সাংবাদিককে স্বরাষ্ট্রমন্ত্রীর ঘনিষ্ঠ ব্যক্তি দাবি করে প্রাণনাশের হুমকি দেন। বিপ্লব দে পার্থ বলেন, বড়ো সাজ্জাদের নাম ভাঙিয়ে আমার কাছে ৫০ লাখ টাকা দাবি করা হয়। বলা হয়, আমি নাকি অনেক টাকা আয় করি এবং তাদের লোকজন কারাগারে রয়েছে, তাই আমাকে টাকা দিতে হবে। টাকা দিতে অস্বীকৃতি জানালে ২৪ ঘণ্টার মধ্যে গুলি করে হত্যার হুমকি দেওয়া হয়। পরে হোয়াটসঅ্যাপে একটি অডিও বার্তাও পাঠানো হয়। তিনি আরও বলেন, ওই বার্তায় বলা হয়, হুমকিদাতা বলেন, পুরো শরীরে এমনভাবে গুলি করা হবে, পরিবার গণনাও করতে পারবে না, যা করার আগামী ২৪ ঘণ্টার মধ্যে করতে হবে। গুলি মানুষ চেনে না। বিপ্লব দে পার্থ দাবি করেন, পরে একটি মাধ্যমে বড়ো সাজ্জাদের সঙ্গে যোগাযোগ করলে তিনি বিষয়টি অস্বীকার করেন। তার ধারণা, অভিযুক্ত ব্যক্তি বড়ো সাজ্জাদের নাম ব্যবহার করে চাঁদা দাবি করেছেন। এ বিষয়ে কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আফতাব উদ্দিন বলেন, চাঁদা দাবি ও হত্যার হুমকির ঘটনায় একটি সাধারণ ডায়েরি হয়েছে। বিষয়টি তদন্ত করা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## দ্বিতীয় পদ্মা সেতু নির্মাণে এগোচ্ছে সরকার: সেতুমন্ত্রী

সরকার দ্বিতীয় পদ্মা সেতু নির্মাণ করতে যাচ্ছে বলে জানিয়েছেন সড়ক পরিবহ ণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। সোমবার (১১ মে) সচিবালয়ে আসন্ন ঈদুল আজহায় নিরাপদ ঈদযাত্রা নিশ্চিতে প্রস্তুতি সভা শেষে মন্ত্রী এ কথা জানান। দৌলতদিয়া-পাটুরিয়া পয়েন্টে দ্বিতীয় পদ্মা সেতু নির্মাণ হলে সড়ক দুর্ঘটনায় অনেক কমে যাবে - এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে সড়ক পরিবহণমন্ত্রী বলেন, `হ্যাঁ, পরিকল্পনা নেওয়া হয়েছে। দ্বিতীয় পদ্মা সেতুটা - তিনটি প্রস্তাবনা আছে। তার এক নম্বর প্রস্তাবনা আপনি যেটা বলেছেন , ওই রুটে আমরা দ্বিতীয় পদ্মা সেতু নির্মাণ করতে চলছি, বলবো আমি এই মুহূর্তে ফিজিবিলিটি স্টাডি অলরেডি কমপ্লিট। অর্থায়নের জায়গাটা নিয়ে ভাবছি , কথা বলছি। আর ধরে ন, অন্যান্য প্রাক-প্রস্তুতি চলছে।" (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## টেকনাফের খাল-বিল এখন রোহিঙ্গাদের বিষাক্ত বর্জ্যের ভাগাড়

প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি টেকনাফের হ্নীলা এখন রোহিঙ্গা ক্যাম্পের বিষাক্ত বর্জ্যের ভাগাড়। পাঁচটি ক্যাম্পের ১ লাখ ৬০ হাজার মানুষের পয়োবর্জ্য ও রাসায়নিক মিশে বিষিয়ে উঠেছে এখানকার খাল -বিল। এর প্রভাবে ধস নেমেছে কৃষি ও মৎস্য উৎপাদনে। হুমকির মুখে পড়েছে জীববৈচিত্র্য ও জনস্বাস্থ্য। ফলে জীবন-জীবিকা নিয়ে চরম অনিশ্চয়তায় পড়েছেন স্থানীয় বাসিন্দারা। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে , হ্নীলা ইউনিয়নের মাত্র চার বর্গকিলোমিটার এলাকায় পাঁচটি রোহিঙ্গা ক্যাম্পে প্রায় ১ লাখ ৬০ হাজার মানুষের বসবাস। বিপুল এই জনগোষ্ঠীর ব্যবহৃত বর্জ্য ব্যবস্থা পনায় রয়েছে চরম অব্যবস্থাপনা। সামান্য বৃষ্টি হলেই ক্যাম্পের ভেতরে জমে থাকা বিপুল পরিমাণ পয়োবর্জ্য, প্লাস্টিক ও পচা আবর্জনা খাল হয়ে সরাসরি নাফ নদে গিয়ে মিশছে। স্থানীয়দের অভিযোগ , ক্যাম্পের আশপাশে নিচু এলাকায় বসবাসের পরিবেশ চরম অস্বাস্থ্যকর হয়ে উঠছে। পরিবেশে র ওপর মারাত্মক নেতিবাচক প্রভাব পড়ছে। দুর্গন্ধে অতিষ্ঠ হয়ে উঠছেন স্থানীয়রা। খাল ও নদের পানি দূষিত হয়ে জলজ প্রাণীর বাসস্থান নষ্ট হচ্ছে। মাছের উৎপাদন কমে যাচ্ছে। তারা জানান, এক সময় এই খালের পানি দিয়েই তারা বছরের বারো মাস কৃষিকাজ করতেন। কিন্তু এখন সেই বিষাক্ত পানি জমিতে দিলে ফসল পুড়ে যাচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## কারখানা চালু রাখতে প্রধানমন্ত্রীর সহযোগিতা চায় বিকেএমইএ

বন্ধ কারখানা পুনরায় চালু এবং চালু কারখানাগুলো যাতে বন্ধ হয়ে না যায় , সে বিষয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সহযোগিতা চেয়েছে বাংলাদেশ নিটওয়্যার প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতির (বিকেএমইএ)। সোমবার (১১ মে) বিকেএমইএ সভাপতি মোহাম্মদ হাতেমের নেতৃত্বে সংগঠনের একটি প্রতিনিধিদল সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর দপ্তরে তার সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে এ সহযোগিতা চায়। দেশের তৈরি পোশাক শিল্পে র বর্তমান চ্যালেঞ্জ ও সম্ভাবনা নিয়ে আলোচনার জন্য প্রধানমন্ত্রীর আহ্বানে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এ সময় স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণ (এলডিসি গ্রাজুয়েশন) পিছিয়ে দেওয়ার বিষয়ে উদ্যোগ গ্রহণ , বন্ধ কারখানাগুলো পুনরায় চালুর প্রচেষ্টা ও শ্রম আইন সংসদে পাসের আগে প্র য়োজনীয় সংশোধনী আনার উদ্যোগ নেওয়ার জন্য বিকেএমইএ -এর পক্ষ থেকে প্রধানমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ জানানো হয়। একইসঙ্গে বন্ধ কারখানা পুনরায় চালুর পাশাপাশি বর্তমানে চালু থাকা কারখানাগুলো যাতে বন্ধ হয়ে না যায়, সে বিষয়ে নীতিগতসহ প্রয়োজনীয় সহযোগিতা দেওয়ার অনুরোধ জানা নো হয়। প্রধানমন্ত্রী এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক ও জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন। পাশাপাশি এনবিআর ও ব্যাংকিং -সংক্রান্ত জটিলতাগুলো লিখিত আকারে জমা দেওয়ার পরামর্শ দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মীকে গুলির হুমকি সার্জেন্টের, তদন্তে কমিটি

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অফিস সহায়ক মো. সারোয়ার জাহানকে থানায় নিয়ে নির্যাতন ও গুলি করার হুমকির অভিযোগে তিন সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় এই কমিটি গঠন করেছে। রোববার (১০ মে) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপ -সচিব মহাম্মদ আবদুল্যাহ আল জাবেদ স্বাক্ষরিত একটি বিজ্ঞপ্তি জারি করা হয়। সেখানে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয় , স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিবের দপ্তরের অফিস সহায়ক মো . সারোয়ার জাহান গত ৫ মে একটি আবেদনপত্র দাখিল করেন। এতে তিনি অভিযোগ করেন , গত ৪ মে পুলিশ সার্জেন্ট মো . রেজাউল হক বিনা অপরাধে তার আইডি কার্ড , প্রয়োজনীয় ডকুমেন্টস , ব্যক্তিগত মোবাইল ফোন ছিনিয়ে নেন। পরে তাকে প্রথমে শাহবাগ পুলিশ বক্সে এবং শাহবাগ থানায় নিয়ে শারীরিক নির্যাতন করা হয়। একইসঙ্গে পিস্তল দিয়ে গুলি করার হুমকিও দেওয়া হয়েছে বলে অভিযোগে উল্লেখ করা হয়। এ ঘটনার সুষ্ঠু তদন্ত ও আইনগত ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে তিন সদস্যের কমিটি গঠন করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## জাতীয়তাবাদী আদর্শ থেকে একচুলও সরিনি: ঢাকা রেঞ্জ ডিআইজি

বিগত ফ্যাসিস্ট আমলে দীর্ঘ ১৮ বছরের চাকরি জীবনে পদ বঞ্চনা, বৈষম্য, অপমান ও মানসিক নির্যা তনের শিকার হয়েছেন বলে জানিয়েছেন ঢাকা রেঞ্জের ডিআইজি রেজাউল করিম মল্লিক। তবে শত প্রতিকূলতার মধ্যেও জাতীয়তাবাদী আদর্শ থেকে একচুলও বিচ্যুত হননি বলে দাবি করেছেন এই পুলিশ কর্মকর্তা। সোমবার (১১ মে) পুলিশ

সপ্তাহ-২০২৬ উপলক্ষ্যে রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে এক অনুষ্ঠানে আবেগঘন বক্তব্যে এসব কথা বলেন তিনি। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী তারেক রহমান , স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ , স্বরাষ্ট্রসচিব মনজুর মোর্শেদ চৌধুরী, পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকিরসহ পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বক্তব্যের শুরুতে ডিআইজি রেজাউল করিম মল্লিক বলেন , প্রায় ২৯ বছরের চাকরি জীবনে এই প্রথমবার আপনার (প্রধানমন্ত্রী) কার্যালয়ে আসার সুযোগ পেয়ে আমি গর্বিত। জীবনে দীর্ঘ বঞ্চনা , কষ্ট, অপমান আর অপেক্ষার ইতিহাসের বিপরীতে আজকের মুহূর্তটি আমার কাছে সুন্দরত ম প্রাপ্তি। তিনি বলেন , ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালে কেন্দ্রীয়ভাবে জাতীয়তাবাদী আদর্শের রাজনীতির সঙ্গে জড়িত ছিলাম বিধায় চাকরি জীবনের শুরুতেই মাত্র ১৭ মাসের মাথায় ১৯৯৮ সালে আমার ব্যাচ থেকে শুধু আমাকেই তৎকালীন ফ্যাসিস্ট সরকার অব্যাহতি দেয়। এরপর সাড়ে চার বছর অপমান আর সীমাহীন মানসিক যন্ত্রণা বয়ে বে রিয়েছি। সমাজ, আত্মীয়-স্বজন এমনকি নিজের পরিবারের কাছেও নিজেকে অসহায় মনে হতো। এরপর সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী খালেদা জিয়ার সরাসরি হস্তক্ষেপে আমি চাকরি ফিরে পাই। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## অবৈধ অভিবাসনের বিরুদ্ধে `জিরো টলারেন্স, নীতি অনুসরণ করছে সরকার

সরকার অবৈধ অভিবাসনের বিরুদ্ধে `জিরো টলারেন্স, নীতি অনুসরণ করছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। এ ধরনের অবৈধ কার্যক্রমে জড়িত অসাধু চক্রগুলোকে আইনের আওতায় আনার ব্যাপারে তিনি কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করেন। সোমবার (১১ মে) পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যো গে রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় `অভিবাসন ও চলাচল : বাংলাদেশের পরিস্থিতি, শীর্ষক এক বৈঠকে সভাপতির বক্তব্যকালে তিনি এ হুঁশিয়ারি উচ্চারণ করেন। বাংলাদেশ -লিবিয়া-ইতালি রুটে অনিয়মিত অভিবাসীদের ঝুঁকিপূর্ণ ভূ -মধ্যসাগরীয় পথে সাম্প্রতিক বাংলাদেশিদের মৃত্যুর ঘটনাকে প্রে ক্ষাপট হিসেবে নিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে এ বৈঠকের আয়োজন করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## বাংলাদেশে এআই ট্রেনিং সেন্টার স্থাপন করতে চায় সরকার

সরকার বাংলাদেশে এআই (কৃত্রিম বুদ্ধিমত্তা) ট্রেনিং সেন্টার স্থাপন করতে চায় বলে জানিয়েছেন ডাক , টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী ফকির মাহবুব আনাম। তিনি বলেন , তরুণ-তরুণীদের আধুনিক প্রযুক্তি ও এআই বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। এর মাধ্যমে প্রশিক্ষিত হয়ে দেশের তরুণ সমাজ তথ্যপ্রযুক্তি বিপ্লবের অংশ হিসেবে নিজেকে প্রমাণ করতে পারবে। সোমবার (১১ মে) মন্ত্রণালয়ে তার সভাকক্ষে চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েনের নেতৃত্বে চীনের শীর্ষস্থানীয় প্রযুক্তি ও টেলিযোগাযোগ কোম্পানির প্রতিনিধি দলের সাক্ষাৎ কালে মন্ত্রী একথা বলেন। বাংলাদেশের ডিজিটাল অগ্রযাত্রায় চীনের দীর্ঘদিনের সহযোগিতার প্রশংসা করে তিনি বলেন , দেশের টেলিযোগাযোগ ও আইসিটি অবকাঠামো উন্নয়নে চীনা প্রতিষ্ঠানগুলো গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। মন্ত্রী বলেন , সরকার আধুনিক, প্রযুক্তিনির্ভর ও স্মার্ট বাংলাদেশ গড়তে কাজ করছে। বাংলাদেশ সব সময় বহুপাক্ষিক সহযোগিতা , প্রযুক্তিগত উন্নয়ন এবং ডিজিটাল সংযোগ সম্প্রসারণে বিশ্বাস করে। বাংলাদেশ ও চীনের মধ্যকার বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ভবিষ্যতে আরও সুদৃঢ় হবে এবং দুই দেশের জনগণের কল্যাণে নতুন দিগন্ত উন্মোচিত হবে বলে তিনি আশা প্রকাশ করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## আইএমএফের শর্ত দেশের অর্থনীতির জন্য সুইটেবল নয়: অর্থমন্ত্রী

ঋণ সহায়তার ক্ষেত্রে আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) যে শর্তগুলো দিচ্ছে , তা দেশের অর্থনীতির জন্য `সুইটেবল, নয় বলে মন্তব্য করেছেন অর্থ মন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। সোমবার (১১ মে) রাতে রাজধানীর শেরাটন হোটেলে বণিক বার্তা আয়োজিত বৈশ্বিক অস্থিরতায় বাংলাদেশের অর্থনৈতিক ভবিষ্যৎ বিনির্মাণে পথরেখা , শীর্ষক এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। বণিক বার্তার সম্পাদক দেওয়া ন মাহমুদ হানিফের সঞ্চালনায় এতে আরও বক্তব্য দেন , বেসরকারি গবেষণা সংস্থার (সিপিডি) সম্মাননীয় ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য, প্রাণ-আরএফএল গ্রুপের চেয়ারম্যান ও সিইও আহসান খান চৌধুরী , বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজের (বিসিআই) সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী (পারভেজ), মেঘনা গ্রুপের চেয়ারম্যান মোস্তফা কামাল প্রমুখ। অর্থমন্ত্রী বলেন, ”সব জায়গায় আমরা একমত হচ্ছি না। অনেক জায়গায় দ্বিমত হচ্ছে , আইএমএফের সঙ্গে দ্বিমত হচ্ছে। কারণ আইএমএফ যে কন্ডিশন দিচ্ছে , ওটা আমার অর্থনীতির জন্য সুইটেবল না , আমার জনগণের জন্য সুইটেবল না।„ (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## লবণ চাষিদের জীবনমান উন্নয়নে প্রধানমন্ত্রীর বৈঠক

প্রধানমন্ত্রী তারেক রহমান দেশে র লবণ চাষিদের জীবনমান উন্নয়নের বিষয়ে বৈঠক করেছেন। সোমবার (১১ মে) সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর দপ্তরে এ বৈঠক হয়। প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে এ তথ্য জানানো হয়েছে। বৈঠকে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ , বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির , প্রধানমন্ত্রীর

অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর , অর্থ সচিব খায়েরুজ্জামান মজুমদার , শিল্প সচিব ওবায়দুর রহমান, বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আব্দুর রহিম খান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশনের (বিসিক) চেয়ারম্যান সাইফুল ইসলাম প্রমুখ। বৈঠকে লবণ চাষিদের পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। এছাড়া, তাদের জীবনমান উন্নয়নে করণীয় বিভিন্ন বিষয় নিয়েও আলোচনা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## নারী গ্রাম পুলিশ নিয়োগ স্থানীয় সরকারকে আরও জনবান্ধব করবে

নারী গ্রাম পুলিশ নিয়োগ স্থানীয় সরকারকে আরও জনবান্ধব করবে বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন , গ্রাম পর্যায়ে ন্যায়বিচার নিশ্চিতকরণ, স্থানীয় সরকার ব্যবস্থাকে আরও কার্যকর করা, নারীর অংশগ্রহণ বাড়ানো এবং গ্রাম আদালতের প্রাতিষ্ঠানিক সক্ষমতা শক্তিশালীকরণে গ্রাম পুলিশে নারী সদস্য নিয়োগ করা হবে। সোমবার (১১ মে) জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) প্রতিনিধিদলের সঙ্গে সচি বালয়ে অনুষ্ঠিত এক বৈঠকে মন্ত্রী এ কথা বলেন। এতে ইউএনডিপির ডেপুটি রেসিডেন্ট রিপ্রেজেনটেটিভ সোনালি দায়ারত্নেসহ চার সদস্যের প্রতিনিধিদল অংশ নেন। এসময় গ্রাম আদালত প্রকল্পের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়ানোর বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। বৈঠকে গ্রামীণ জনগণের জন্য সহজ, দ্রুত ও কম খরচে ন্যায়বিচার নিশ্চিত করতে গ্রাম আদালতের ভূমিকা আরও শক্তিশালী করার ওপর গুরুত্ব দেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

## যখন খুশি ঔষধের দাম বাড়ানো যাবে নাঃ স্বাস্থ্য প্রতিমন্ত্রী

দেশের ঔষধ শিল্পের টেকসই উন্নয়ন এবং সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে ঔষধের দাম নিশ্চিত করতে ঔষধ মালিক ও সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের প্রতি আহ্বান জানিয়েছেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী ড . এম এ মুহিত। তিনি বলেছেন, শিল্পের স্বার্থ রক্ষা করা যেমন জরুরি , তেমনি যখন-তখন ঔষধের দাম বাড়িয়ে জনগণ ও সরকারকে বিপদে ফেলা যাবে না। সোমবার (১১ মে) বিকেলে রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে `বেসরকারি খাতের সঙ্গে অংশীজন পরামর্শ সভা : স্বাস্থ্য খাতের সক্ষমতা বৃদ্ধি , শীর্ষক এক সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। স্বাস্থ্য ও প রিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ ও বিশ্ব ব্যাংকের যৌথ উদ্যোগে এ সভার আয়োজন করা হয়। প্রতিমন্ত্রী তার বক্তব্যে বর্তমান সরকারের দায়িত্ব গ্রহণের প্রেক্ষাপট তুলে ধরে বলেন , ”আমরা মাত্র দুই -আড়াই মাস হলো সরকার গঠন করেছি। দীর্ঘ প্রতীক্ষা এবং গণ -অভ্যুত্থানের মধ্যদিয়ে আমরা দায়িত্ব নিয়েছি। সাধারণ মানুষের প্রত্যাশা আকাশচুম্বী। কিন্তু দায়িত্ব নেওয়ার পর আমরা দেখেছি , স্বাস্থ্য খাতের সব জায়গায় একটি ভগ্নদশা বিরাজ করছে। „ দেশের হাসপাতালগুলোর বেহাল চিত্র তুলে ধরে তিনি বলেন , ”বিগত ৫-৭ বছর ধরে অনেক হাসপাতালের ন্যূ নতম মেইনটেন্যান্স হয়নি। কোথাও বিল্ডিং আছে, তো যন্ত্রপাতি নেই, কোথাও আবার ঔষধের সংকট। এই বিশাল চ্যালেঞ্জের মধ্যেই আমাদের কাজ করতে হচ্ছে। এর সাথে যোগ হয়েছে বৈশ্বিক প্রতিকূল পরিস্থিতি , যা আমাদের জন্য `মরার ওপর খাঁড়ার ঘা, হয়ে দাঁড়িয়েছে।„ (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৫.২০২৬ রিহাব)

### গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে কমিশন গঠন করা হবে : তথ্যমন্ত্রী

গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে সরকার একটি কার্যকর ও স্বাধীন গণমাধ্যম কমিশন গঠন করবে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, দেশের সব অংশীজনের মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে এই কমিশন গঠন করা হবে, যাতে এটি কোনো আরোপিত কাঠামো হিসেবে বিবেচিত না হয়। সোমবার (১১ মে) রাজধানীর বেঙ্গল সেন্টারে অনলাইন গণমাধ্যম `এশিয়া পোস্ট,র উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। জহির উদ্দিন স্বপন উল্লেখ করেন, বিশ্ব এখন রূপান্তরের সময় অতিক্রম করছে। ডিজিটাল প্রযুক্তি, অনলাইন মিডিয়া ও ইন্টারনেটের বিস্তৃত ব্যবহারের ফলে তথ্য প্রবাহ যেমন দ্রুত ও সহজ হয়েছে, তেমনি অপতথ্য, ভুয়া তথ্য ও বিকৃত তথ্যের বিস্তারও বেড়েছে। মানুষকে অপতথ্যের হাত থেকে সুরক্ষা দেওয়া বর্তমান সময়ের বড়ো চ্যালেঞ্জ বলে তিনি মন্তব্য করেন। তথ্যমন্ত্রী বলেন, গণতান্ত্রিক রাষ্ট্র হিসেবে সরকার একদিকে যেমন অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করতে চায়, অন্যদিকে জনগণকে বিভ্রান্তিকর তথ্য থেকে সুরক্ষাও দিতে চায়। তিনি জানান, বিএনপি নেতৃত্বাধীন সরকার দায়িত্ব নেওয়ার আগেই গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করার প্রতিশ্রুতি দিয়েছিল এবং সেই লক্ষ্যেই সংশ্লিষ্ট সব অংশীজনের সঙ্গে ধারাবাহিক মতবিনিময় চলছে। জহির উদ্দিন স্বপন বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই প্রযুক্তির অপব্যবহারের মাধ্যমে নতুন ধরনের সংকট তৈরি হয়েছে। এই চ্যালেঞ্জ মোকাবিলায় সরকার নতুন কর্মকৌশল প্রণয়নের উদ্যোগ নিয়েছে। তিনি এ ক্ষেত্রে গণমাধ্যমকর্মীদের সহযোগিতা কামনা করেন। এসময় তিনি গণমাধ্যমের স্বাধীনতা, সম্মান ও মর্যাদা রক্ষায় সরকারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ : ১১.০৫.২০২৬ নারগীস)

# রেডিও টুডে

## প্রধানমন্ত্রী হওয়ার পর প্রথমবার ঢাবি যাচ্ছেন তারেক রহমান

দেশের উচ্চশিক্ষা ব্যবস্থাকে সময়োপযোগী ও টেকসই করার লক্ষ্য নিয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন `বাংলাদেশে উচ্চশিক্ষা রূপান্তর : টেকসই উৎকর্ষতার রোডম্যাপ, শীর্ষক এক জাতীয় কর্মশালার আয়োজন করেছে। আগামীকাল মঙ্গলবার সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে দিনব্যাপী এই কর্মশালার উদ্‌বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর, ঢাকা বিশ্ববিদ্যালয়ে এটি তার প্রথম আনুষ্ঠানিক কর্ম সূচিতে অংশগ্রহণ। আজ বিকেল ৩টায় ইউজিসির সভাকক্ষে এক সংবাদ সম্মেলনে কর্মশালার বিস্তারিত তুলে ধরেন ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক মামুন আহমেদ। সংবাদ সম্মেলনে অধ্যাপক মামুন বলেন, উচ্চশিক্ষার গুণগত মানোন্নয়ন এবং আন্তর্জাতিক মানের দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে এই কর্মশালা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এছাড়া, এটি উচ্চশিক্ষা নিয়ে সরকারের ভবিষ্যৎ পরিকল্পনা ও দিক-নির্দেশনার ক্ষেত্রে সহায়ক হবে। কর্মশালায় অংশগ্রহণকারীদের মতামতের ভিত্তিতে উচ্চশিক্ষা উন্নয়নে বাস্তবায়নযোগ্য নীতিগত পথনকশা প্রণয়নের উদ্যোগ নেওয়া হবে। উদ্‌বোধনী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন এবং প্রধানমন্ত্রীর শিক্ষা বিষয়ক উপদেষ্টা মাহদী আমিন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ। উদ্‌বোধনী পর্বের পর পাঁচটি টেকনিক্যাল অধিবেশন হবে। সেসব অধিবেশনে `গ্রাজুয়েটদের কর্মসংযোগ যোগ্যতা, সফট স্কিল উন্নয়ন ও চাহিদাভিত্তিক শিক্ষা, শিল্প-একাডেমিয়া সহযোগিতা এবং বৈশ্বিক প্রতিযোগিতা, ডিজিটাল রূপান্তর, ডিজিটাল সাক্ষরতা এবং কৃত্রিম বুদ্ধিমত্তা সংযোজন, শিক্ষকদের দক্ষতা উন্নয়ন, গবেষণায় উৎকর্ষ এবং আন্তর্জাতিকীকরণ, গভর্ন্যান্স, মান নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সংস্কার সংস্কার নিয়ে আলোচনা ও সুপারিশ প্রণীত হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:১১.০৫.২০২৬ আসাদ)

## মন্ত্রিত্ব ছাড়ব, তবুও সংখ্যালঘুদের ওপর অত্যাচার হতে দেব না: ধর্মমন্ত্রী

দেশের সংখ্যালঘুদের জানমাল ও নিরাপত্তা রক্ষায় যে-কোনো ত্যাগ স্বীকার করতে প্রস্তুত ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জল হোসাইন কায়কোবাদ। সোমবার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভায় তিনি বলেন, এ দেশের সংখ্যালঘুদের ওপর কোনো ধরনের অত্যাচার বা নির্যাতন তিনি বরদাস্ত করবেন না এবং প্রয়োজনে এই লক্ষ্য পূরণে তিনি নিজের মন্ত্রিত্ব ছেড়ে দিতেও দ্বিধা করবেন না। পার্শ্ববর্তী দেশ ভারতে সংখ্যালঘুদের ওপর অত্যাচারের অজুহাত তুলে বাংলাদেশে কেউ যাতে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করতে না পারে, সে বিষয়ে সরকার অত্যন্ত কঠোর অবস্থানে রয়েছে বলে তিনি উল্লেখ করেন। মতবিনিময় সভায় ধর্মমন্ত্রী হজের খরচ নিয়ে সরকারের ইতিবাচক পরিকল্পনার কথা তুলে ধরেন। তিনি জানান, চলতি বছর হজের খরচ কিছুটা কমানো সম্ভব হয়েছে এবং প্রধানমন্ত্রী তারেক রহমানের ঘোষণা অনুযায়ী, আগামী হজ মৌসুমে এই ব্যয় আরও কমিয়ে আনার উদ্যোগ নেওয়া হয়েছে। সরকারের এসব উন্নয়নমূলক কর্মকাণ্ড এবং সেবামূলক উদ্যোগ একটি মহলের সহ্য হচ্ছে না বলে দাবি করে তিনি বলেন, বর্তমান সরকার অনেক ভালো কাজের পরিকল্পনা গ্রহণ করেছে, যা জনগণের কল্যাণে সরাসরি ভূমিকা রাখছে। রাজনৈতিক পরিস্থিতি প্রসঙ্গে মন্ত্রী অভিযোগ করেন, একটি নির্দিষ্ট মহল দেশের গণতন্ত্রকে ব্যাহত করতে চায় এবং বিরোধী দল সরকারকে সংকটে ফেলতে নানামুখী ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। যারা দীর্ঘ সময় ধরে ক্ষমতার বাইরে রয়েছে, তারাই মূলত এসব অপতৎপরতা চালাচ্ছে বলে তিনি মন্তব্য করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১১.০৫.২০২৬ আসাদ)

## প্রতিটি মেয়ের ভবিষ্যৎ গড়ায় রাষ্ট্র হবে সহায়ক শক্তি: ডা. জুবাইদা রহমান

প্রতিটি মেয়ে নিজের জন্য যে ভবিষ্যৎ গড়তে চায়, সেই পথে রাষ্ট্রব্যবস্থা প্রতিবন্ধকতা সৃষ্টি না করে বরং এগিয়ে নেওয়ার কাজ করবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন জিয়াউর রহমান ফাউন্ডেশনের ভাইস প্রেসিডেন্ট ডা. জুবাইদা রহমান। তিনি বলেন, ”প্রতিটি মেয়ে নিজের জন্য যে ভবিষ্যৎ গড়তে চায়, সেই পথে রাষ্ট্রব্যবস্থা প্রতিবন্ধকতা সৃষ্টির পরিবর্তে তা এগিয়ে নেবে।„ সোমবার রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্স মিলনায়তনে বাংলাদেশ পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক) আয়োজিত সমাবেশে তিনি এসব কথা বলেন। জুবাইদা রহমান বলেন, ”অতীত, বর্তমান ও ভবিষ্যতের সামাজিক উন্নয়নের লক্ষ্যে গৃহীত সমাজসেবামূলক আপনাদের পরিকল্পনাগুলি সমন্বিতভাবে একটি সুন্দর, সুস্থ ও মানবিক সমাজ গঠনের ভিত্তি। আমরা সকলে যদি নিজ নিজ ক্ষেত্রে কাঙ্ক্ষিত সমাজ গঠনে অবদান রাখি, তাহলে নিশ্চয়ই সেটি বাস্তবায়ন করা সম্ভব, ইনশাল্লাহ।„ তিনি আরও বলেন, ”নারীরা পরিবার ও সামাজিক উন্নয়নের ক্ষেত্রে কেন্দ্রে থেকে স্বাস্থ্য ও গ্রামীণ উন্নয়নে অংশ নিতে পারে। কন্যাশিশুদের নিরাপত্তা ও সুন্দর মানবিক বিকাশ নিশ্চিত করার মাধ্যমে প্রতিটি মেয়ে যে ভবিষ্যৎ নিজের জন্য গড়তে চায়, সেই পথে রাষ্ট্রব্যবস্থা প্রতিবন্ধকতা সৃষ্টির পরিবর্তে তা এগিয়ে নেবে।„ (রেডিও টুডে ওয়েব পেজ:১১.০৫.২০২৬ আসাদ)

## ট্রাফিক আইন ভাঙলেই ডিমেরিট পয়েন্ট, বাতিল হতে পারে লাইসেন্স

রাজধানীর সড়কে ট্রাফিক আইন ভাঙলে এখন চালকদের শুধু জরিমানা নয় , ড্রাইভিং লাইসেন্স হারানোর ঝুঁকিও তৈরি হয়েছে। নতুন ব্যবস্থায় আইন লঙ্ঘনের সঙ্গে সঙ্গে চালকের লাইসেন্সে যুক্ত হচ্ছে ডিমেরিট পয়েন্ট। মোট ১২ পয়েন্ট জমা হলে স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে লাইসেন্স। পাশাপাশি , ১৩ ধরনের নির্দিষ্ট অপরাধে পয়েন্ট কাটা হচ্ছে , কোনো চালকের পয়েন্ট শূন্যে নেমে এলে তার লাই সেন্সও বাতিল করা হবে। এই পদ্ধতি আপাতত চার চাকার যানবাহনের চালকদের ক্ষেত্রে প্রয়োগ করছে ঢাকা মহানগর পুলিশ ট্রাফিক বিভাগ। আগে , ট্রাফিক আইন ভাঙলে মামলা বা জরিমানা গাড়ির রেজিস্ট্রেশনের বিপরীতে হতো , যার খরচ বহন করতেন মালিকরা। তবে , নতুন ব্যবস্থায় এখন দায় সরাসরি চালকের লাইসেন্সের উ পরও পড়ছে। রাজধানীর গুরুত্বপূর্ণ মোড়গুলোতে এখন কঠোর নজরদারি চালাচ্ছে ট্রাফিক পুলিশ। আইন ভঙ্গ করলেই মামলা হচ্ছে, সঙ্গে যুক্ত হচ্ছে অটো মামলা ব্যবস্থা। এর মাধ্যমে প্রতিটি অপরাধের তথ্য চালকের লাইসেন্সে পয়েন্ট আকারে যুক্ত করা হচ্ছে। নির্ধারিত সীমায় পৌঁছালে লাইসেন্স স্থগিত হয়ে যাবে। ডিএমপির ট্রাফিক বিভাগ জানিয়েছে, গত দুই মাসে হাজারের বেশি চালক এই ব্যবস্থায় পয়েন্ট হারিয়েছেন। অতিরিক্ত পুলিশ কমিশনার মো. আনিছুর রহমান বলেন, জরিমানা বা শাস্তি দেওয়া মূল লক্ষ্য নয় বরং চালকদের মধ্যে সচেতনতা তৈরি করাই উদ্দে শ্য। তবে পয়েন্ট হারানোর পর আপিলের সুযোগ রাখা হয়েছে। কোনো চালক পরবর্তী ছয় মাসে নিয়ম ভঙ্গ না করলে দুই পয়েন্ট পুনরায় যুক্ত করা হবে। অন্যদিকে বাস্তবতায় দেখা যাচ্ছে , অনেক চালকই এখনো এই ডিমেরিট পয়েন্ট ব্যবস্থা সম্পর্কে পুরোপুরি অবগত নন। একাধিক চালক জানিয়েছেন , নতুন নিয়ম চালু হলেও তারা বিষয়টি সম্পর্কে পরিষ্কার ধারণা পাননি। তবে কেউ কেউ মনে করছেন , নিয়ম মেনে চললে সমস্যা এড়ানো সম্ভব।
(রেডিও টুডে ওয়েব পেজ:১১.০৫.২০২৬ আসাদ)

## দেশের সব প্রাথমিক বিদ্যালয়ে জরুরি নির্দেশনা

দেশের সব সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ পরিষ্কার -পরিচ্ছন্ন রাখার নির্দেশ দেওয়া হয়েছে। আজ সোমবার জেলা প্রাথমিক শিক্ষা অফিসারদের কাছে এ বিষয়ে নির্দেশনা পাঠানো হয়েছে। এতে বলা হয় , সাম্প্রতিক সময়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক দেশের বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনকালে পরিষ্কার -পরিচ্ছন্নতার ক্ষেত্রে বিভিন্ন ধরনের অনিয়ম ও অব্যবস্থাপনা পরিলক্ষিত হয়। এর ফলে জনমনে প্রাথমিক বিদ্যালয় সম্পর্কে বিরূপ ধারণাসহ শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত হচ্ছে। নির্দেশনায় আরো বলা হয় , বিদ্যালয়ের পরিবেশ উন্নত করার লক্ষ্যে সরকারি স্থাপনা রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে নিয়মিত বিদ্যালয় প্রাঙ্গ ণ পরিষ্কার -পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিদ্যালয় ভবনের ছাদ নিয়মিত পরিষ্কার করা ও বিদ্যালয়ের কার্নিশে জন্ম নে ওয়া আগাছা কর্তনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন বলে চিঠিতে উল্লেখ আছে। চিঠিতে দেশের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহের পরিষ্কা র-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেওয়া হয়।
(রেডিও টুডে ওয়েব পেজ:১১.০৫.২০২৬ আসাদ)

## গ্যাস লিকেজ থেকে বিস্ফোরণে দগ্ধ ৫, একজনের মৃত্যু

নারায়ণগঞ্জের ফতুল্লায় বাসায় গ্যাস লিকেজ থেকে বিস্ফোরণে একই পরিবারের ৫ জন দগ্ধ হওয়ার ঘটনায় না ফেরার দেশে পাড়ি জমিয়েছেন সবজি বিক্রেতা মীর কালাম। সোমবার বেলা ১১টার দিকে জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। এর আগে , রোববার সকাল ৭টার দিকে ফতুল্লার গিরিধারা এলাকার গ্রাম-বাংলা টাওয়ারের সামনের একটি বাড়িতে গ্যাস লিকেজ থেকে বিস্ফোরণের ঘটনা ঘটে। এতে সবজি বিক্রেতা মো. মীর কালাম ছাড়াও তার স্ত্রী সায়মা, ছেলে মুন্না এবং দুই মেয়ে কথা ও মুন্নি দগ্ধ হয়েছিলেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:১১.০৫.২০২৬ আসাদ)

## মেগা প্রকল্পের নামে ব্যাপক লুটপাট হয়েছে : সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম বলেছেন , বিগত সরকারের আমলে মেগা প্রকল্পের নামে ব্যাপক লুটপাট হয়েছে, বিপুল অর্থ বিদেশে পাচার হয়েছে। ফলে দেশের ওপর বড়ো অঙ্কের বৈদেশিক ঋণের চাপ সৃষ্টি হয়েছে। এই পরিস্থিতির মধ্যদিয়েই সরকারকে কাজ করতে হচ্ছে। তিনি আরও বলেন , দেশে বাস্তবায়নাধীন ১৬টি মেগা প্রকল্পে বিপুল অর্থ ব্যয় হলেও , অনেক প্রকল্পের কাজ এখনও শেষ হয়নি। কোথাও কোথাও ঠিকাদারি প্রতিষ্ঠান কাজ ছেড়ে চলে যাওয়ায় প্রকল্প বাস্তবায়ন অনিশ্চয়তায় পড়েছে। সোমবার দুপুরে , পদ্মা সেতুর শরীয়তপুরের জাজিরা প্রান্তে আয়োজিত বৃক্ষরোপণ কর্মসূচি ও পদ্মা সেতু জাদুঘরের নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। আন্তর্জাতিক উন্নয়ন সহযোগীদের প্রসঙ্গ টেনে মন্ত্রী বলেন , দীর্ঘদিনের দুর্নীতি ও অস্বচ্ছতার কারণে বিদেশি দাতা সংস্থাগু লো এখন বড়ো প্রকল্পে আগের মতো আগ্রহ দেখাচ্ছে না। তবে , পদ্মা সেতু নির্মাণ প্রকল্পের সম্ভাব্যতা যাচাই এবং মাওয়া প্রান্তে সেতুর অ্যালাইনমেন্ট নির্ধারণের কাজ সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া তথা বিএনপি সরকারের সময় শুরু হয়েছিল বলে জানান সেতুমন্ত্রী। তিনি বলেন , ২০০২ থেকে ২০০৫ সালের

মধ্যে পদ্মা সেতু প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন হয়। সে সময়ের পরিকল্পনা অনুযায়ী মাওয়া প্রান্তে সেতুর অ্যালাইনমেন্ট নির্ধারণ করা হয়েছিল। তিনি বলেন , পরে প্রকল্পটি বাস্তবায়ন হলেও সেখানে দুর্নীতি ও অর্থ অপচয়ের অভিযোগ উঠে। আরও স্বচ্ছতা নি শ্চিত করা গেলে কম ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব ছিল বলেও মন্তব্য করেন সেতুমন্ত্রী। (রেডিও টুডে ওয়েব পেজ:১১.০৫.২০২৬ আসাদ)

## সীমান্তে কাঁটাতার দেওয়া প্রসঙ্গে যা বললেন স্বরাষ্ট্রমন্ত্রী

ভারতীয় সীমান্তে কাঁটাতার দেওয়া প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন , সীমান্তে কাঁটাতার দেওয়া পশ্চিমবঙ্গ সরকারের নিজস্ব বিষয়। সীমান্তে অনুপ্রবেশ রোধ ও আইন -শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে বিজিবি সার্বক্ষণিক সতর্ক রয়েছে। কোনো অঙ্গরাজ্য নয় , ভারতের কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ আছে বাংলাদেশের। সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে লবণ চাষীদের জীবনমান উন্নয়ন সংক্রান্ত সভা শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন , সীমান্তে অস্থিরতার যে খবর প্রচা র করা হচ্ছে, সেগুলো সেখানকার পুরোনো কিছু ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে করা হচ্ছে। প্রসঙ্গত , পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হয়েই বাংলাদেশ লাগোয়া সীমান্তে বেড়া দেওয়ার ঘোষণা দিয়েছেন বিজেপি নেতা শুভেন্দু অধিকারী। এই বেড়া নির্মাণের জন্য আগামী ৪৫ দিনের মধ্যে ভারতের সীমান্তরক্ষী বাহিনীকে জমি হস্তান্তরের কথাও জানান তিনি। এ সময় সালাহউদ্দিন আহমদ জানান , দেশে লবণের স্বয়ংসম্পূর্ণতা অর্জনের পাশাপাশি , লবণ চাষীদের সক্ষমতা বৃদ্ধি ও ন্যায্যমূল্য নির্ধারণের বিষয়ে ভাবছে সরকার। (রেডিও টুডে ওয়েব পেজ:১১.০৫.২০২৬ আসাদ)

## বাংলাদেশে মানুষ কাঁটাতার ভয় পায় না, সরকারও কাঁটাতার ভয় পায় না

বাংলাদেশের মানুষ কাঁটাতার ভয় পায় না বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী র পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির। সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে গণমাধ্যমকর্মীদের সঙ্গে আলাপকালে এমন মন্তব্য করেন তিনি। হুমায়ুন কবির বলেন , কাঁটাতার দিয়ে বাংলাদেশের মতো দেশকে এখন ডর দেখানোর মতো কোনো জায়গা নেই। বাংলাদেশে মানুষ কাঁটাতার ভয় পায় না, সরকারও কাঁটাতার ভয় পায় না। যেখানে আমাদের কথা বলা দরকার , আমরা কথা বলবো। প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক এই উপদেষ্টা বলেন, হাসিনা সরকারের আমলে যেভাবে সীমান্তে অনেক মানুষকে গুলি করে হত্যা বা কাঁটাতারে ঝুলিয়ে রাখার মতো বিষয়গুলো আমরা দেখেছি , সীমান্ত কোনোদিন ওই নমুনায় আসবে না, ইনশাল্লাহ। আর ওই নমুনায় যদি কেউ বর্ডার করতেও চায় , এই বাংলাদেশ সেই গোলামির বাংলাদেশ না যে , বসে দেখবে। কী করতে হবে সে বিষয়ে এই বাংলাদেশের পরিকল্পনা আছে। প্রতিবেশী দেশগুলোকে অবশ্যই আঞ্চলিক শান্তি বজায় রাখতে হবে, উল্লেখ করে তিনি বলেন, আমরা প্রতিবেশী দেশগুলোর সঙ্গে সংলাপ চাই। যেখানে আমরা সবাই `ভারসাম্যমূলক, একটি জায়গায় থাকতে চাই। তবে চ্যালেঞ্জ অবশ্যই থাকবে, আছে এবং থাকবেই। যেমন দেড় হাজার মানুষকে হত্যা করে পালিয়ে যাওয়া সন্ত্রাসী শেখ হাসিনা এখন ভারতে আশ্রয়ে আছে। তবে , শেখ হাসিনা ভারতে বসে যেন বাংলাদেশে কো নো সন্ত্রাস না করতে পারে, সে বিষয়টি আমরা ভারত সরকারকে বলেছি এবং তার প্রতিশ্রুতি দিয়েছে ভারত সরকার। পশ্চিমবঙ্গে নতুন সরকার গঠন প্রসঙ্গে হুমায়ুন কবির বলেন , প্রাইমারিলি কেন্দ্রীয় সরকারের সঙ্গেই আমাদের সম্পর্ক থাকবে। আমরা তাদের অভ্যন্তরীণ রাজনীতিতে হস্তক্ষেপ করতে চাই না। (রেডিও টুডে ওয়েব পেজ:১১.০৫.২০২৬ আসাদ)

## পাঠ্যবইয়ে যুক্ত হচ্ছে খালেদা জিয়ার অবদান

আগামী শিক্ষাবর্ষের (২০২৭) পাঠ্যবইয়ে ইতিহাস ও দক্ষতাভিত্তিক বিষয়গুলোতে পরিবর্তন আনতে যাচ্ছে সরকার। মাধ্যমিক স্তরে বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং বাংলাদেশের ইতিহাস ও বি শ্বসভ্যতা বইয়ে নতুন কিছু বিষয় সংযোজনের পাশাপাশি, কয়েকটি বইয়ে ব্যাপক পরিমার্জন করা হচ্ছে। এর অংশ হিসেবে নব্বইয়ের গণ -অভ্যুত্থানে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়ার ভূমিকা ইতিহাসের পাঠ্যবইয়ে অন্তর্ভুক্ত করা হচ্ছে। এনসিটিবি সূত্রে জানা যায়, এর মধ্যে ইতিহাস বিষয়ে মহান মুক্তিযুদ্ধের সেক্টরগুলোর বিস্তারিত বর্ণনা, ১৯৭৫ সালের ৭ নভেম্বরের ঘটনা এবং নব্বইয়ের গণ -অভ্যুত্থানে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপা র্সন খালেদা জিয়ার ভূমিকা নতুন করে যুক্ত হচ্ছে। একইসঙ্গে আনন্দময় শিক্ষা , খেলাধুলা, সংস্কৃতি এবং কারিগরি শিক্ষার গুরুত্ব বাড়িয়ে নতুন বিষয় অন্তর্ভুক্ত ও পুরোনো বই পরিমার্জন করা হচ্ছে। এর মধ্যে ষষ্ঠ শ্রেণিতে আনন্দময় শিক্ষা এবং চতুর্থ শ্রেণিতে ক্রীড়া ও সংস্কৃতিবিষয়ক নতুন বই যুক্ত করা হচ্ছে। পাশাপাশি ষষ্ঠ শ্রেণির কর্ম ও জীবনমুখী শিক্ষাবিষয়ক বইয়ে কারিগরি শিক্ষার গুরুত্ব তুলে ধরে ব্যাপক পরিমার্জন করা হচ্ছে। এনসিটিবির সূত্র আরও জানায় , ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির বইয়ে বিষয়গুলো সংক্ষিপ্তভাবে উপস্থাপন করা হলেও , নবম শ্রেণির বইয়ে তুলনামূলক বিস্তারিত আলোচনা থাকবে। বিভিন্ন পর্যায়ের যাচাই-বাছাই শেষে পরিবর্তনগুলো চূড়ান্ত করা হবে। এনসিটিবির চেয়া রম্যান মো. মাহবুবুল হক পাটওয়ারী বলেন, পাঠ্যবই প্রতিবছরই কমবেশি পরিমার্জন হয়। এবার যেহেতু নতুন সরকার ক্ষমতায় এসেছে , তাদের নির্বাচনি ইশতেহারে দেওয়া প্রতিশ্রুতি বিবেচনা করে পরিমার্জনের কাজটি হচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের সহযোগিতায় সারা দেশের প্রায় ৩২০ জন শিক্ষক ও বিশেষজ্ঞ নিয়ে কর্মশালার মাধ্যমে কাজটি করা

হচ্ছে। এর মধ্যে মাধ্যমিকের বইগুলো পরিমার্জন করা হয়েছে। মঙ্গলবার থেকে প্রাথমিকের বইগুলো পরিমার্জনের কাজ শুরু হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:১১.০৫.২০২৬ আসাদ)

## ইসরায়েলের হামলায় দুই বাংলাদেশি নিহত

লেবাননের দক্ষিণাঞ্চলের নাবাতিহ্ জেলার জেবদিনের একটি বাড়িতে দখলদার ইসরায়েলের ড্রোন হামলায় দুই বাংলাদেশিসহ তিনজন নিহত হয়েছেন। নিহত অপরজন সিরীয় নাগরিক। সংবাদমাধ্যম লরিয়েন্ট টুডে আজ সোমবার এ তথ্য জানিয়েছে। তবে বাংলাদেশিদের নাম বা পরিচয় কিছু জানায়নি তারা। নিহতরা সেখানে শ্রমিক হিসেবে কাজ করতেন বলে উল্লেখ করেছে লরিয়েন্ট টুডে। যুদ্ধবিরতি সত্ত্বেও লেবাননের দক্ষিণাঞ্চলে ব্যাপক হামলা চালাচ্ছে ইসরায়েল। ধারণা করা হচ্ছে , গতকাল এ হামলা চালানো হয়। ইসরায়েলি হামলার জবাবে লেবাননের শক্তিশালী সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহও পাল্টা হামলা চালাচ্ছে। তারা আজও ইসরায়েলি সেনাদের বিরুদ্ধে ড্রোন হামলা চালিয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১১.০৫.২০২৬ আসাদ)

## নিখোঁজ ৪ স্কুলছাত্রী ৩২ ঘণ্টা পর ফোন করে যা জানালো

পটুয়াখালীর বাউফল উপজেলার নাজিরপুর-তাঁতেরকাঠি ইউনিয়নের চার স্কুলছাত্রী বাড়ি থেকে বিদ্যালয়ের উদ্দেশ্যে বের হওয়ার প্রায় ৩২ ঘণ্টা পেরিয়ে গেলেও বাড়ি ফেরেনি। তবে আজ সোমবার বিকেলে একটি অপরিচিত নম্ব রে কল করে জানিয়েছে তারা কেরানীগঞ্জে আছে। এ ঘটনায় পরিবারগুলোর মধ্যে চরম উৎকণ্ঠা দেখা দিয়েছে। নিখোঁজদের পরিবারের পক্ষ থেকে বাউফল থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে। নিখোঁজ শিক্ষার্থীরা হলো- সানজিদা আক্তার (১২), ইসমত জেরিন (১২), সানজিদা আক্তার রাইসা (১৩) ও আয়েশা আক্তার (১৫)। তাদের মধ্যে সানজিদা, ইসমত ও রাইসা নাজিরপুর ছোট ডালিমা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী। আয়েশা অ ন্য একটি শিক্ষাপ্রতিষ্ঠা নে অধ্যয়নরত। পরিবার ও বিদ্যালয় সূত্রে জানা গেছে , রবিবার সকালে প্রতিদিনের মতো তারা বিদ্যালয়ের উদ্দেশ্যে নিজ নিজ বাড়ি থেকে বের হয়। তবে দিনশেষে তারা বাড়ি না ফেরায় পরিবারের সদস্যরা উদ্বিগ্ন হয়ে বিভিন্ন স্থানে খোঁজখবর শুরু করেন। প্রথমে বিদ্যালয়, পরে আত্মীয়-স্বজনদের বাড়িসহ সম্ভাব্য বিভিন্ন স্থানে খুঁজে সন্ধান মেলেনি।
(রেডিও টুডে ওয়েব পেজ:১১.০৫.২০২৬ আসাদ)

## সিঙ্গাপুর থেকে এলো ৪১ হাজার টন পরিশোধিত ডিজেল

সিঙ্গাপুর থেকে প্রায় ৪১ হাজার টন পরিশোধিত ডিজেল নিয়ে চট্টগ্রাম বন্দরের বহির্নোঙরে এসেছে জাহাজ `এমটি সির্যা পটর,। ১৮৯ দশমিক ২ মিটার লম্বা জাহাজটি আজ সোমবার সকাল ১১টার দিকে বহির্নোঙরের কুতুবদিয়া এলাকায় নোঙর করে। জাহাজটির স্থানীয় এজেন্ট প্রাইড শিপিং লাইনসের ব্যবস্থাপনা পরিচালক নজরুল ইসলাম জানান , বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের জন্য আনা এই ডিজেল প্রথমে লাইটারিং করে প তেঙ্গার ডলফিন জেটিতে আনা হবে। সেখান থেকে যাবে তেল শোধনাগার ইস্টার্ন রিফাইনারিতে। গত বুধবার সৌদি আরব থেকে ১ লাখ ৩৯৫ টন অপরিশোধিত তেল নিয়ে আসা `এমটি নিনেমিয়া, বন্দরের বহির্নোঙরে নোঙর করে। আমেরিকা -ইরান যুদ্ধ শুরুর পর এটি ছিল দেশে আসা ক্রুড অয়েলের প্রথম চালান । এসব তেল পরিশোধন করা হচ্ছে রাষ্ট্রায়ত্ত একমাত্র জ্বালানি তেল শোধনাগার ইস্টার্ন রিফাইনারিতে। মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে ক্রুড অয়েলের মজুত শেষ হয়ে যাওয়ায় গত ১২ এপ্রিল রাতে ইস্টার্ন রিফাইনারির ক্রুড অয়েল ডিস্টিলেশন ইউনিট বন্ধ হয়ে যায়।
(রেডিও টুডে ওয়েব পেজ:১১.০৫.২০২৬ আসাদ)

## দেশে আরো বেড়েছে বৈদেশিক মুদ্রার রিজার্ভ

দেশের মোট বৈদেশিক মুদ্রার রিজার্ভ বেড়েছে। রিজার্ভ বেড়ে এখন ৩৪ হাজার ২২৬ দশমিক ৩৩ মিলিয়ন বা ৩৪ দশমিক ২২ বিলিয়ন ডলারে দাঁড়িয়েছে বলে জানিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। সোমবার বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন খান এ তথ্য জানিয়েছেন। কেন্দ্রীয় ব্যাংকের সর্বশেষ তথ্য অনুযায়ী, ১১ মে পর্যন্ত দেশের মোট রিজার্ভ দাঁড়িয়েছে ৩৪ হাজার ২২৬ দশমিক ৩৩ মিলিয়ন ডলার। আন্তর্জাতিক মুদ্রা তহবিলের হিসাব পদ্ধতি বিপিএম-৬ অনুযায়ী রিজার্ভ রয়েছে, ২৯ হাজার ৫৬৫ দশমিক ৬৬ মিলিয়ন মার্কিন ডলার।
(রেডিও টুডে ওয়েব পেজ:১১.০৫.২০২৬ আসাদ)

# BBC

**US AND FRENCH NATIONALS TEST POSITIVE FOR HANTAVIRUS AFTER LEAVING SHIP**

An American and a French national who have returned to their home countries having left a cruise ship hit by a deadly outbreak of hantavirus have tested positive, authorities say. The US health department said a second American national on the repatriation flight had also shown mild symptoms, adding that both passengers had travelled back in "biocontainment units out of an abundance of caution". French Health Minister Stephenie Rist said a woman was isolating in Paris and her health was deteriorating, with 22 contact cases traced. More than 90 passengers of the MV Hondius ship, currently docked in Spain's Canary Islands, are being repatriated. In its latest update from Tenerife on Monday, Spanish officials said 54 people were still on board the ship. (BBC News Web Page: 11/05/26, FARUK)

**TRUMP CALLS IRAN RESPONSE TO US PROPOSAL TO END WAR 'TOTALLY UNACCEPTABLE'**

President Donald Trump has dismissed Iran's response to US proposals to end the war as "totally unacceptable". Iran's semi-official Tasnim news agency said Tehran's proposal, sent via Pakistan, which has served as a mediator, included an immediate end to the war on all fronts, a halt to the US naval blockade of Iranian ports and guarantees of no further attacks on Iran. A ceasefire meant to facilitate talks to end the war launched by the US and Israel in February has been largely observed, despite occasional exchanges of fire. Earlier this week, Trump repeated that the war in Iran will be "over quickly". But Israeli Prime Minister Benjamin Netanyahu said that Iran's stockpile of enriched uranium must be "taken out" before the war against Iran can be considered over.
(BBC News Web Page: 11/05/26, FARUK)

**PHILIPPINE VP SARA DUTERTE IMPEACHED FOR A SECOND TIME**

The Philippine House of Representatives has voted to impeach Vice-President Sara Duterte for a second time, threatening her plan to run for president in 2028. Monday's vote moves the impeachment process to the Senate for trial, where if convicted, the daughter of former President Rodrigo Duterte will be disqualified from holding public office. The 47-year-old is leading early surveys to replace her ally-turned-bitter foe, President Ferdinand Marcos Jr. The case against the vice-president stemmed from her alleged misuse of public funds and public threats against Marcos, his wife and his cousin, the former House speaker. Duterte was impeached on the same grounds in 2025, but the Supreme Court blocked it on a technically before the Senate trial could start. (BBC News Web Page: 11/05/26, FARUK)

**OIL PRICES JUMP AFTER TRUMP DISMISSES IRAN PROPOSAL TO END WAR**

Oil prices have risen after President Donald Trump said Iran's response to US proposals to end the war was "totally unacceptable". International oil benchmark Brent rose by 4.1% to $105.50 a barrel in Asian trade, before falling slightly. The key Strait of Hormuz waterway has been effectively shut since shortly after the war started on 28 February, severely disrupting global supplies of oil and gas. Responding to Tehran's terms, Trump posted on social media: " I have just read the response from Iran's so-called 'Representative.' I don't like it - TOTALLY UNACCEPTABLE." Washington's terms had included restoration of free transit through the Strait of Hormuz and the suspension on Iranian nuclear enrichment, according to US news outlet Axios. (BBC News Web Page: 11/05/26, FARUK)

**MODI URGES INDIANS TO WFH AND LIMIT FOREIGN TRAVEL AS IRAN WAR CONTINUES**

Prime Minister Narendra Modi has appealed to indians to revive working from home, buy less gold and limit foreign travel to deal with a surge in global energy prices because of the continuing crisis in the Middle East. Modi said the austerity measures, reminiscent of the Covid era, would reduce India's fuel use and help save foreign exchange. India imports 90% of its oil and its crude bill has seen a multi-billion dollar spike since the US and Israel's war on Iran, with the Strait of Hormuz, a narrow Gulf chokepoint, shut for more than two-and-a-half months now. Analysts described Modi's appeal, made at a public event in the southern city of Hyderabad on Sunday, as the "most drastic" so far. Urging people to use public transport such as the metro, Modi suggested people carpool to conserve fuel. He also asked farmers to reduce use of fertilizer by half. (BBC News Web Page: 11/05/26, FARUK)

**IRISH PASSENGERS FROM VIRUS-HIT SHIP LAND IN DUBLIN**

The two Irish women who were on board MV Hondius, the cruise ship which was struck by an outbreak of hantavirus, have arrived home. The ship docked in Tenerife on Sunday morning and the pair boarded an Air Corps aircraft accompanied by two Health Service Executive (HSE) medics and flew to Casement Aerodrome at Baldonnell. The plane arrived just after 21:00 local time. The Irish Department of Health said the passengers would now isolate for a period of time in a HSE facility in line with European Centre for Disease Prevention and Control and the World Health Organization (WHO) guidance. The WHO has recommended a 42-day quarantine period for the cruise passengers from their last exposure. A plane carrying 20 Britons who were also evacuated from the cruise ship has arrived in the UK. The Irish interim chief medical officer Professor Mary Horgan told Irish broadcaster RTE that both women were in "good spirits" and in "good health", adding that neither had shown any symptoms. (BBC News Web Page: 11/05/26, FARUK)

**PAKISTAN CAR BOMB ATTACK KILLS 15 POLICE OFFICERS**

Fifteen police officers have been killed in a car bombing and ambush of a checkpoint in north-western Pakistan, police say. A suicide bomber rammed a vehicle loaded with explosives into the guard post in Bannu, in the Khyber Pakhtunkhwa province, late on Saturday night, which then detonated, police said. The attacker then entered an adjoining building and fired at the remaining officers. Back-up units that rushed to the scene also came under fire. A burgeoning Islamist militant alliance known as Ittehad-ul-Mujahideen, which has been linked to the Pakistani Taliban, has claimed responsibility for the attack. Police said three officers were pulled from the wreckage alive, who were taken to hospital and were now in a stable condition. A search and rescue operation is taking place.

BBC News Web Page: 11/05/26, FARUK)

**DOZENS OF NIGERIAN FISHERMEN FEARED DEAD AFTER CHAD AIR STRIKES ON BOKO HARAM**

Dozens of Nigerian fishermen are feared dead after Chad's military launched air strikes on Boko Haram militants in the Lake Chad region, a local fishermen's leader has told the BBC. Abubakar Gamandi Usman, chairman of Lake Chad Basin Fisheries Association of Nigeria, said several of the union's members were missing and estimated more than 40 had died. No bodies have yet been recovered but Usman believes some fishermen were hit by the strikes, while others drowned after attempting to flee in overloaded boats. Authorities in Chad and Niger have not commented, but on Sunday Chad's presidency said it had carried out retaliatory "intensive air strikes" on Boko Haram strongholds.

(BBC News Web Page: 11/05/26, FARUK)

## :: THE END ::